# শ্রীমৎ রঘু নাথদাস গোস্থামীর জীবন-চরিত।

# শ্রীঅচ্যুত্তরণ চৌধুরী প্রণীত

3

মৈনা—শ্ৰীষ্ট্ৰ ষ্ইতে

জ্রীঅনিক্ষচরণ চৌধুরী কর্তৃক প্রকাশিত

প্রথম সংস্করণ

কলিকাতা,

বছবালার, শ্রীনাথ গালের বেন, ১৭ নং ভবনছ, বি, কে, দাস এবং কোম্পানীর হল্লে শ্রীক্ষুত্বাল ঘোষ যারা মুদ্রিত।

## **प्र**केता।

নিয়লিখিত শ্লোকটী এছ-মধ্যস্থ প্রথম টীকার নীচে পাঠ করিতে ংইবে।

যথা পদ্মোত্তর-খণ্ডে—

"বথা সৌমিত্রিভরতে বথা সঙ্কর্যণাদয়:। তথা তেনৈব জায়ন্তে নিজনোকাদ্যদৃদ্ধা॥ পুনতেনৈব গছেন্তি তৎপদং শাখতং পরং। ন কর্মবন্ধনং জনা বৈঞ্চবানাঞ্চ বিদ্যতে॥"

ইহার ভাব এই বে, নিত্যদিদ্ধ ভক্তগণের অন্যাদি নুকুন্দবং অর্থাৎ উটোরা লীলার সাহায্যার্থ অবনীতে আইদেন এবং পুনর্কার তৎসহ নিত্য ধানে গদন করিয়া থাকেন। ইতি।

# নিবেদন ।

শ্রীগোরান্ত্রের অন্তরঙ্গ ও পার্ধন বৈক্ষব-চূড়ামণি রবুনাথ নামের জীবন অলোকিক বৈক্ষবতা পূর্ণ; ঐ জীবনী যত আলোচিত হয়, বৈক্ষব-জগতে ততই উপকার। এই জীবনীটি পূর্ব্বে বৈক্ষব পত্রিকায় প্রকাশিত হয়; ইয়াবে কথুনও পুনর্মিত হইবে, তায়া আমি স্বশ্লেও ভাবি নাই।

হুই নাদ পূর্ব্ধে অত্তাত পৃজনীয়া স্বধর্ম-পরায়ণা শ্রীমৃত্ত।
ক্লফপ্রিয়া চৌধুনাণী বৈক্ষবে ইহা পাঠ করেন। পাঠান্তর তিনি
আমাকে ডাকিয়া, ইহা পুস্তকাকারে পুনঃ প্রকাশ করিতে অতি
আত্রহ সহকারে অন্প্রেয়াধ করেন; এমন কি—এতদর্থে অর্থ
সাহাব্যেও তিনি কুটিতা হন নাই। তাঁহার এই অন্তর্গধ
প্রত্যাধ্যান করিতে না পারাতে আমাকে ইহা প্রকাশ করিতে
হইল।

এই গ্রন্থ প্রকাশে যে যে বৈঞ্চৰ মহাত্মারা আমাকে দাহস দিয়াছেন ও অন্যান্য রূপে সাহায্য করিবাছেন, এই স্থানে তাঁহাদিগকে প্রধাম করিতেছি। তাঁহাদের স্পাই এই গ্রন্থ প্রকাশের মুখ্যতম হেতু।

আনি এ কার্ধ্যের অনুপযুক্ত হইলেও বৈঞ্বাদেশ আমাকে উৎসাহিত করিয়াছে; ধাহা হউক, কুপা পূর্বকে সকলে আমার ধুপ্টতামার্জনা করিবেন। ইতি।

# শ্রী অচ্যুত্তরণ দাস চৌধুরী।





## উৎদর্গ ।

যিনি সরলতা ও উদারতা গুণে সবারই প্রীতি আকর্ষণ
করিয়াছিলেন, যিনি অতি সত্য-পরায়ণ
ছিলেন এবং দীন হুঃখী দেখিলেঁ
বাঁহার দয়ার উৎস
উচ্ছদিত
হইয়া উঠিত, যিনি
সরল বিখাসী ও পরম ধর্মশীল
ছিলেন, সেই পরম আরাধ্য গোলোকগত পিতা শীস্তাইত চরণ চৌধুরী মহাশ্যের
পবিত্র নামে এই গ্রন্থ ধানি উৎসর্গ করিলাম।
ইতি।

মৈনা, এইটা । । দীন হীন কার্তিক, গোরান্দ ৪০৮। শী শীঅচুতে চরণ দাস চৌধুরী,







## শ্রীমঙ্গলাচরণ ।

সর্কাদো সর্ক-সন্তাপহারী প্রীহরির চরণে মঙ্গলাচরণ স্বরূপ নয়ের পদ ভূটী দিলাম।

())

দ্যাৰু দ্যাৰু মোর শ্রীপৌর **ছ**ক্দের। ছঃখী তাপী জনে তাঁর রুপা নিরন্তর॥ শান্তির আশায়, জগতে ভ্রমিল্ল, কাহাকেও নাহি পাইল্ল। দৈবে অবশেষে, শু

গৌরাঙ্গ শরণ লৈমু ॥

অধম জানিয়া, ছঃথীর ঠাকুর, চাহিয়া দেখিল মোরে।

তাপ অবসাদ, সৰ পলাইল,

দূরে দূরে দূরাতেরে॥ হেন দয়াময়. গৌরাঙ্গ আমার,

ংল পরামর, সোলাস আ এবে কর্ম্ম বশে হায়।

তাঁহারে ভুলিয়া, বৈষ্ণব দাদের,

বৃথায় জীবন যায়॥

(२)

হে গৌর-স্থানর, পরাণ-রতন, স্থবর্ণ মাণিক মণি। তুমি দে আমার, দ্বীবন সম্বল,

তুমি দে প্রেমের খনি॥

```
এস এস নাথ, জন্ম মাঝারে,

    ভোমারে ভরিয়া রাখি।

 তা'হলে কথন, পলাতে নারিবে,
         অধীনেরে দিয়া ফাঁকি ॥
 তব বাস যোগ্য, নহে এ হুদয়,
ভবিতে যতন পাই।
ছুদ্বৈ প্রবল, নাশে মনোবল.
        মরমে মরিয়া যাই ॥
এ হু:খ-কাহিনী, কাহাকে কহিব,
        কে বুঝিবে মোর ব্যথা।
ষ্মতএব নাথ, সরল স্বস্তরে,
       নিবেদিন্তু মন কথা।।
বামনের চন্দ্র, ধরার মতন.
       সভাদে হলনামোর।
তবু আশা প্রভো, জানি দীনজনে,
         অহেতু করুণা তোর।
ভবে এস, এস, এস প্রাণপতে,

 সকাতরে ডাকি পুন:।

उद ७७ मृह्हे, स्त्रीन इति,
       নিশ্চয় এ পাপ মন ॥
শ্ৰীবৈষ্ণৰ দাস, পাতকী অভাগা,
        পুরাবে কি আশা তার।
পু হুদি-সরোকে, তব প্রীচরণ,
. হেরিবে কি হরাচার॥
```

# শ্রীমং রঘুনাথ দাস গোস্বামীর জীবন-চরিত।

# •পূরাদ্র।

# তিনি কে ? তাঁহার বিবাহ।

তগনী ছেনার অন্তর্গত স্প্রামে ইরিপুর নামে একটা স্থান আছে। ১০০ চারিশত বংসর পূর্বে এই হরিপুর একটা সেট্ডব-শানী বড় আমে জিল। তৎকালে হরিপুরে হিরণা দাস ও গোবন্ধন দাস নামে ছই জন নছা সম্ভ্রান্ত লোক বাস করি-তেন। ইহারা সভোদর ভাতা তল্লধ্যে হিরণা দাস জোষ্ঠ, এবং গোবন্ধন কমিউ। ইহারা ছাতিতে কারস্থ; ইহাদের মজ্মদার খাতি ছিল। ইহারা ছাতিতে কারস্থ; ইহাদের প্রসার নিকট হইতে বিংশতি লক্ষ টাকা রাজস্ব-স্থরপ বার্ধিক আদার হইত। হিরণা ও গোবন্ধন দাস এতাদৃশ সম্পত্রির অধিকারী ছিলেন।

হিরণা ও গোবর্জন দাস অতিশ্ব বদান্য ছিলেন। নবজীপের অনেক আক্ষণ-সন্তানকেই ইগাদের উপর নির্ভার করিয়া থাকিতে

#### ২ • এমং রবুন'থ দাস গো দামীর জীবন-চরিত।

হ'ইত। নবৰীপের নীলাম্বর চক্রবর্তী অতি প্রতিমন্ধ লোক, স্মৃতরাং তাঁহার সহিত ইইাদের বিশেষ পরিচয় ছিল। অপিচ ইইারা (প্রভূর পিতা) মিশ্র পুরন্দরের অতি অনুগত ছিলেন।

এই ব্রাত্রপ্রের মধ্যে কনিষ্ঠ গোবর্ত্বন দাসের ১৪২০ শকে একটী
পুত্র হয়, ঐ পুত্রের নাম রবুনাথ দাস। এই রবুনাথ দাস অতি
আশ্চর্য্য বস্তু। অতি বাল্যকাল হইতেই তিনি সংসারে উদাদীন-প্রায়
ছিলেন। যথন প্রীপ্রীর্বিদাস ঠাকুর (যিনি সাধারণতঃ ঘবন হরিদাস নামেই প্রিসিফ্ল) করেক দিবসের জন্য হরিপুরের নিকটবর্ত্তী
টাদপুর প্রামে যান, তথন রবুনাথ তাঁহার পরিচ্গ্যাদি করিয়। তদীয়
রপাভাজন হন। ঐ সময় রবুনাথ তাঁহাদের পুরোহিত বলরাম
আচার্ষ্যের গৃহে অধ্যরন করিতেন।

সাধু ভক্তের কুপাই ভগবচ্চরণ লাভের উপায় স্বরূপ। কে বলিতে পারে যে, রবুনাধের প্রতি হরিদাদের এই ক্লপাই ভবিষ্যতে উাহার গৌর-চরণ প্রাপ্তির কারণ না ইইয়াছিল ?

রবুনাথ যথন বাবক, তথন সমস্ত বঙ্গভূমি এক অভিনব তরক্তে ফরসায়িত, এক নৃতন বন্যায় আপ্লাবিত। তথন আমাদের প্রভু প্রকাশিত হইরাছেন; তথন অনেকেই জানিতে পারিয়াছেন যে, নদীয়ার দেই চঞ্চন "ব্রাহ্মণ-কুমারটী" অন্য কেই নহেন,— সাক্ষাৎ ব্রজেক্ত-নন্দন!

দেশ দীর্থ কাল যাবৎ মোহাচ্ছন্ন ছিল; শ্রীগোরাঙ্কের হরি হরি ধ্বনিতে দেশের মোহ বিদ্রিত হইরাছে নিজা ভাঙ্গিরাছে; কিন্তু দেশ তথনও বুঝিতে পারিতেছে না যে, এ কি গু তাই দে স্থান্থাযিত দেশ তথন বিষ্ট্ৰৎ ইইয়া আছে। তখন আমাদের প্রভুর নাম জানিতে বাঙ্গালায় আর কাহারও বাকি ছিল না। রঘুনাথ দাস প্রীগোরাঙ্গের নাম ভানিলেন, আর তাঁহার চরণে আত্ম-সমর্পণ করি-লেন। রঘুনাথের এ আত্ম-সমর্পণ নৃতন নহে। তিনি জয়ে জয়ে ঐ শচীনক্লনের চরপেই জীবন যৌবন সমর্পণ করিয়া থাকেন, নতুবা নাম ভনিয়াই আত্ম-সমর্পণ কে কোথায় পদিবাছেন? রঘুনাথ ক্ষণ্ড-লীলায় রসমঞ্জরী ছিলেন; আর কেহ কেহ তাঁহাকে রতিমঞ্জরীও বলিয়া থাকেন ভ যথা গোঁহগণোক্শে-দীপিকায়াং—

দাস-ীর্দুনাথস্য পূর্বাথা। বস্মঞ্জরী। ভামুং কেচিৎ প্রভাষস্তে শ্রীমতীং রতিমঞ্জরীং॥

শ্রীগোরাঙ্গের নাম গুনিয়াই রঘুনাথ তাঁহার চরণে আত্ম-সনর্পণ করিবেন, আর তথন হইতেই তদীয় হৃদয়-নিহিত অহরাগ বিদ্ তীত্র তেলে অনিয়া উঠিল। তথন তাঁহার মনে ধৈর্ঘ মাত্র থাকিল না। আহার, নিদ্রা, বেশ ভ্রা, সাংসারিক স্থাভিলাষ, সমস্ত তিনি ত্যাগ করিবেন। তাঁহার অতি প্রেয় যে শান্ত্রাভ্যাস, তাহাতেও

<sup>\*</sup> এই আবিভাব হন্দ্রী নবাভাবতে নিয়েছি ও বলে প্রকাশিত হয়।—
"বিশেষ বিশেষ পাত্রে, বিশেষ বিশেষ ভাব ও শক্তি অংকীর্নি হট্য। তথ্যস্ত্রীলার সহায়তা করে, এ সভা কে না হীক'র করিবে গু থেমন সনকাদিতে
শান্ত ভাব, প্রব প্রজ্ঞাবে ক্ষিত্রাব, করিবী স ভাভাগার প্রেম ভাব অবভীর্নি,
ভেমনি আবার সনকাদির সিত্তাব শাকাসিংহ প্রভৃতিতে, প্রজ্ঞাশির দাস্যা ভাব বংন হরিদানে, ও করিবী সভাভাযার প্রেম্ব ভাব প্রিক্রিকীলার) গ্রাব্ধর প্রিত ও কর্মানন্দ্র প্রিতে অবভাবি। ই ইড্যাদি।

#### ৪ ত্রীমৎ রঘুনাথ দাস গোসামীর জীবন চরিত।

সার মন ধার না। এই অবস্থার বালক ব্রুনাথ, পিতা মাতা, বফুবারব, ও সুতুল ঐর্থা পরিত্যাগ পূর্ক আগোরাকের সহিত সমিলনের আশার রাত্রি-যোগে একাকী পলাইতে করেক বার চেট।
করেন, কিন্তু পারেন নাই। রঘুনাথের পিতা পুত্রের ঈদৃশ আচরবে
ভীত হইয়া, যাহাতে তিনি মার পলাইতে না পারেন, এই অভিপ্রায়ে
তাঁহার রকার্থ পাঁচ স্থন প্রহ্রা, এবং ব্যাইয়া রাখিবার স্থন্য একজন
ভাস্প নিযুক্ত করিলেন।

রঘুনাথ পিতা মাতার একমাত্র সন্থান, অতি আদরের ধন।
তাঁহার বিষয়ে গোবদ্ধন দাসের মনে এরপ ভীতি সন্থারিত হইয়াছিল
যে, এহরী নিযুক্ত করিয়াও তিনি হির থাকিতে পারিলেন না,
তাঁহাকে সংসাবে দৃঢ় রূপে আবদ্ধ করার হৃন্য সেই অল্ল ব্যুবেই
(তাঁহার সেই স্থানশ বর্ষ ব্যুক্তম কালেই) একটী উপযুক্ত-ব্যুক্ত
প্রমা শাব্যবভী বালিকার সহিত্ বিবাহ দিলেন। নব বধুর অজ্পস্তির, সৌল্পারাশি, ও স্ল্পুণাবলী দর্শনে রঘুনাথের হ্লন্নী অনেক
প্রিমাণে আখন্তা ইলেন। তিনি ভাবিতে লাগিলেন যে, তাঁহার
লক্ষ্মী-স্দৃশী বহুটীকে হার রঘুনাথ প্রিত্যাগ করিতে পারিবে না ।

## প্রথম মিলন ও পলায়নে অক্ষমতা।

এই যে ঘটনার উল্লেখ করা গেল, ভাছার কয়েক বৎসর পূর্বে শ্রীগোরাল সম্যাস এবং করিথাছেন। চবিদেশ বৎসকের শেষে অর্থাৎ ১৪৩১ শকের মাঘ সাংস (ওক্ল পাক্ষে) প্রভুসম্যাস এবং করিরা নীলাচল গমন করেন, এবং পরে তথা ছইতে শান্তিপুরে অবৈত প্রভূর বাটীতে আদেন। সন্ন্যাসের পণ এই তাঁহার বিতীয় বাবের আগমন।

রগুনাথের পূর্ক হইতেই প্রভ্র সহিত মিলিত হইবার ইচ্ছা ছিল (ইহা পূর্কেই বলা গিয়াছে), কিন্তু এত দিন বাইতে পারেন নাই। এখন প্রভূ শান্তিপুরের নিকটে আসিয়াছেন জানিয়া অতি বিনদ্র হইয়া পিতাকে কহিলেন, "পিতঃ, একবার মাত্র আমাকে বাইতে দিন; বদি না দেন, তবে আমার প্রাণ থাকিবে না।" আহা, কি অতুত উদ্বেগ! কেমন আশ্রের আকর্ষণ! বাহা হউক, পুত্রের এতাদৃশ আর্শ্তি দর্শনে গোবর্জন নিবেধ করিতে পারিকেন না, লোক জন সঙ্গে দিয়া শান্তিপুরে পাঠাইয়া দিলেন।

রবুনাথ শান্তিপুরে প্রভুকে দর্শন পূর্কক প্রোমাবিট ইইয়া তাঁহার চরণে নিপতিত হইলেন। তাহাতে তথার তাঁহার প্রতি শ্রীগোরাদের করণা হইল। বহুনাথ সাত দিবস শান্তিপুরে রহিলেন, এবং মনের আনন্দে নিজের কথা প্রভুর শ্রীচরণে নিবেদন করিলেন। বদিও রঘুনাথ অতি আনন্দিত হইয়াছিলেন, কিছু তথাপি তাঁহার মন সম্পূর্ণ স্থির ছিল না। সেখানে, প্রভুর চরণ-সমিধানে বসিয়াতিনি মনে মনে প্রার্থনা করিতে লাগিলেন, 'প্রভো! আমি এই বন্ধন কি ছেদন করিতে পারিব ? এই হুরস্ত প্রহরীদের হন্ত হইতে কি আমি পরিবাণ গাইব ? ভূমি কি আমার আশা পুরাইবে ?—
তোমার শ্রীচরণে কি স্থান দিবে ?"

জ্ঞীগোরাঙ্গ অন্তর্ধামী ভগবান্; তিনি রঘুনাথের মনের কথা

#### ভ এমং রঘুনাথ দাস গোস্বামীর জীবন-চরিত।

জবগত হইয়া, তাঁহাকে মৃত্ মধুর বাক্যে, এই বলিয়া আখাদ দিলেন। মধা, ঐটচতন্যচরিতামৃতে—

" স্থির হইয়া ঘরে যাও, না হইও বাতুল।
ক্রেমে ক্রমে পায় লোক, ভব-সিদ্ধু-কুল।
মর্কট বৈরাগ্য না করিও, লোক দেখাইয়া।
বুখাবোগ্য বিষয় ভূঞা, অনাসক্ত হইয়া॥
অন্তরে নিষ্ঠা কর, বাহ্যে লোক-বাবহার।
অচিরাতে কৃষ্ণ ভোমা, করিবেন উদ্ধার॥"

গৃহস্থ বৈঞ্বের কিন্ধপ আচরণ করা কর্ত্ব্য, এই অপূর্ব্ব ইঞ্চিত ৰাক্যে রঘুনাথের প্রতি উপদেশছলে, প্রভু এইরূপে তাহা কহিয়া-ছেন। যাহা হউক, তৎপরে বলিভেছেন—

> "বুলাবন দেখি যবে, আর্সিব নীলাচলে। তবে তুমি আমাপাশ, আদিও কোন ছলে। দে কালে দে ছল, কৃষ্ণ ক্রাবে তোমারে। কৃষ্ণ কৃপা যাঁকে, উারে কেরাধিতে পারে॥"

ধীর ভাবে রঘুনাথ এই আখাদ-বাক্য শুনিয়া বাড়ী আদিলেন।
প্রভুর শ্রীমুখের আখাদে তাঁহার মনের উদ্বেগ অনেক পরিমাণে
বিদ্রিত হইল; তিনি প্রভুর আজা প্রতিপালন করিতে লাগি-লেন। রঘুনাথ মনের ভাবোচ্ছাদ গোপন রাখাতে পিতা মাতা
পুত্রের আর তেমন উন্মাদ-ভাব নাই দেখিয়া বড়ই আনন্দিত
হইলেন।

এই প্রকারে কিছু দিন অতিবাহিত হইলে একদা তিনি গুলিতে

পাইলেন যে, মহাপ্রভু ব্লাবন হুইতে ফিরিয়া আসিতেছেন। বেমন সংবাদ শুনিলেন, আর অমনি বাহির হুইবার ছান্য একবারে উথলা হুইয়া উঠিলেন। কিন্তু একটা সাংসারিক ছুর্যটনা আরো এক বংস-রের জন্য তাঁহাকে আবদ্ধ ক্রিয়া রাখিল। সে ছুর্যটনার সার মর্ম্ম এই—

পূর্বে এক ক্লেছ্র সপ্তথামের অধিকারী ছিল; পলে হিরণ্য দাস তাহাকে অধিকার-চ্যুত্ত করায়, সে মনে মনে তৎপ্রতি বড় ক্রেছ হয়। অনস্তর কৌন সূত্রে রাজ-সাহায়ে যবন ইইাদিগকে ধরাইতে চেষ্টা করে, কিছু পূর্বে সংবাদ পাইয়া ইইারা সপরিবারে পলায়ন করেন। কিছু রঘুনাথের মন প্রাণ গোরাজ-চরণে উৎসর্গীক্ত, তিনি সংসারের বড় একটা ধার ধারেন না, স্তরাং ম্বন-হত্তে বন্দী ইইলেন। বন্দী অবস্থায় যবনের। তাঁহাকে নানা প্রকার ভয় দেখাইত, কখন বা প্রহারে উদ্যুত্ত হইত, কিছু রখুর কমনীয় কলেবরে প্রহার করিতে পারিত না। এক দিন সেই বিপক্ষ যবন,রঘুনাথের অপূর্বে বাক্য প্রবণ এবং মনোহর রপমাধুরিতে বিমোহিত হইয়া, তাঁহাকে মৃক্ত কগাইয়া দিল; এবং রঘুনাথও পিতা ও ছেগ্রুতাতের সহিত ঐ যবনের সন্মিলন করাইলেন। এই একারে তাঁহাদের দীর্ঘ কালের বিবাদের অবসান হয়।

রবুনাথ মৃক্ত হইরাই আবার পলাইতে চেটা করিলেন, এবং এক দিন রাত্রে বাড়ী ছাড়িরা চলিলেন; কিন্তু তাঁছার পিতা অল্ল দূর হইতেই তাঁহাকে ধরাইরা আনাইলেন। রবুনাথ বাড়ীতে মুহুর্তের জন্যও শান্তি পান না, তাই তিনি আবার পলাইলেন ও

# 📾 মং রঘুনাথ দাস গোস্বামীর জীবন-চরিত।

অচিরেই ধৃত হইলেন। এইরূপে বার বার পলায়ন করাতে তাঁহার মাবিরকু হইয়া কহিলেন—

"পূত্র বাতৃল হৈল, রাধহ বাহিয়া।"
পিতা পুত্রের প্রেমোয়াদ বৃথিতে পারিয়া উত্তর করিলেন"ইক্ল সম ঐশ্বর্য ভোগ, ত্রী অধ্বর। সম।
ইহাতে বাহ্নিতে যার, নারিলেক মন॥
দড়ির বহনে তারে, রাধিবে কিমতে।
জ্ম-দাতা পিতা নারে, প্রারহ্ম থণ্ডাইতে॥
১৮তন্য চন্দ্রের কৃপা, হইয়াছে ইহারে।
১৮তন্য প্রভুর বাতৃল, কে রাধিতে পারে॥"
(শ্রীচৈতন্য-চরিতামুত।)

এই উত্তরে, বলা বাহল্য যে, রঘুনাথের জননী নিরুত্তর রহিলেন।

<del>---(•)---</del>

# পাণিহাটী গমন—দশু মহোৎসব।

এই সময়ে নিত্যানন্দ প্রভু সন্নিকটবর্ত্তী পাণিহাটী গ্রামে ছিলেন। এই পাণিহাটীতে যে অন্তুত লীলা হয়, তাহার বর্ণন করার সাধ্য নাই; তাহার আতাস মাত্র নিম্নোভূত পংক্তি-নিচয়ে দেখিবেন। মধা—

"হেন মতে নিত্যানন্দ, পাণিহাটী ঝামে। রহিলেন দকল পার্ধদগণ দনে॥" "নৃত্য করিবার ইচ্ছা, হুইল অস্থরে। গায়ন দকল আদি, মিলিলা সহরে॥" 'নিত্যানন্দ স্বরূপের, প্রেম দৃষ্টি পাতে। সবার হুইল, আত্ম বিশ্বতি দেহেতে॥'' "যে ভক্তি গোপিকাগণে, কছে ভাগবতে। নিত্যানৰ হইতে তাহা, পাইল জগতে ॥" নিত্যানন্দ বসিয়া আছেন, সিংহাসনে। সন্ম থে করম্বে নৃত্য, পারিষদ গণে॥ কেই গিয়া বুক্ষের, উপর ডালে চড়ে। পাতে পাতে বেড়ায়, তথাপি নাহি পড়ে ॥" "কেত বা গুৱাক বনে, যায় নভ দিয়া। গাছ পাঁচ সাত গুরা, একত্র করিয়া॥ হেন দে দেহেতে, জ্বিয়াছে প্রেমবল। ত্ৰপ্ৰায় উপাড়িয়া, ফেলায় দকল ॥" "যে দিকে দেখেন, নিত্যানক মহাশয়। সেই দিকে মহাপ্রেম, ভক্তি বৃষ্টি হর॥ যাহারে চাহেন, সেই প্রেমে মুর্জ্বা পার। বস্ত্র না সম্বরে, ভূমে পড়ি গড়ি যায়।।" "এইরপে পাণিহাটী গ্রামে, তিন মাস। নিত্যানন্দ প্রভু করে, ভক্তির বিবাস ॥" (इंडामि, औरहज्जा-ভांतरह।)

এই প্রকারে যথন নিত্যানন্দের প্রেম-সন্দ্র উচ্ছে দিত হইয়। সমস্ত অগৎ ভাসাইয়া দিতেছে, যখন ত্রী-বালক, বৌদ্ধ-যখন, চোর-দৃষ্যা, তার্কিক-নান্তিক পর্যন্ত দে সমুদ্রে ভ্রিতেছে, তখন

### ১০ এ মং রঘুনাথ দাস গোস্বামীর জীবন-চরিত।

রঘুনাথ পিতার আজা এবং পৃথাক পাণিছাটাতে উপস্থিত ইইলেন।

যথন পৌছিলেন, তথন প্রস্তু নিত্যানন্দ গঙ্গাতীরে একটা বৃক্ষমূলে
চতুর্দিকে ভক্ত-পরিবেষ্টিত ইইরা বদিয়া ছিলেন। রঘুনাথ দেখিলেন

কি যে, নিতাইএর শরীর ইইতে সূর্য্যের ন্যায় তেজ নির্গত ইইতেছে,
কিন্তু দে শোভা মিথা—মধুর। রঘুনাথ দেখিয়া বিমোহিত ইইলেন
এবং দূর ইইতে দণ্ডবৎ প্রণাম করিলেন। নিকটে একজন ভক্ত
ছিলেন, তিনি রঘুনাথকে দেখাইয়া কহিলেন—"ঐ রঘুনাথ
ভানিয়াছে।"

"গুনি—প্রভু কছে, চোরা দিলি দরশন। আর আর আজি তোর, করিব দণ্ডন॥"

রপুনাথ ধনীর সন্তান, তাঁছার অফুরাগের কথা তপন দেশে রাই 
হইয়াছে। বিশেষ নিতাই চাঁদ অন্তর্গানী, তিনি রম্বর মনের কথা 
ফানেন; তাহাতে রমুনাথের প্রতি তাঁহার কুপা হইয়াছে। এই 
ফনাই অতি প্রীতিতে তিনি রমুনাথকে "চোরা" এই সম্বোধনটী 
করিলেন। 
\*

নিতাই চাঁদের এই প্রীতি-সম্বোধনে ব্যুনাথ গলিয়া পড়িলেন;
কিছ তিনি নিকটে গেলেন না, ভাবিলেন—"আমি ও.ভুর স্পর্নের
অ্যোগ্য; আমি বিষয়ী, আমি তাঁহার নিকট ষাইব না।" নিতাই
চক্র বড় কোঁতুকী, তিনি রঘুনাথকে টানিয়া নিকটে আনিলেন। এবং
তাঁহার মস্তকে পদার্পন পুর্বক কহিলেন—

<sup>\* &</sup>quot;আমাদের অজ্ঞাতেই আমাদের প্রেম প্রাপ্ত ইছলছে।" এই অভিপ্রায়ঃ

"নিকটে না আইস মোর, ভাগ দূরে দূরে।
আজি লাগ পাইয়াছোঁ, দণ্ডির তোমারে ॥
দধি চিড়া ভালমতে, থাওয়াও মোহগণে।"
শুনিয়া আনন্দ হৈল, রবুনাথের মনে ॥"
(আইচিরিতামূতে।)

তাঁহার প্রতি এই অভাবিত অপরিমিত করণা দর্শনে রঘুনাথের মনে অশেষ আনন্দ উপরাত হইল। তিনি তাড়াতাড়ি করিয়া দধি, চিড়া, নানাবিধ সন্দেশ, হুগ্ধ, ও চিনি ইত্যাদি, এবং বহল পরিমাণে মৃৎপাত্র আনাইলেন। মহা মহোৎসব আরম্ভ হইল, এবং সেই উপলক্ষে অসংখ্য ভিন্ন লোক ও অনেক ব্রাহ্মণ পণ্ডিতও উপস্থিত হইনা প্রসাদ ভক্ষণ করিলেন।

শ্রীতৈতন্য-চরিতামূতে বিশ্বিত আছে বে, যাহারা সুধু কৌতুক দেখিতে প্রামান্তর হইতে আদিয়াছিল, তাহারাও দ্বি চিড়া ও কদনী প্রভৃতি ভক্ষণ করিয়া গিয়াছিল। আরও লিখিত আছে বে—

> "মহোৎসব শুনি পদারী, নানাশ্রাম হৈতে। চিড়া দধি কলা সন্দেশ, আনিল বেচিতে॥ যত দ্রব্য নইয়া আইদে, সব মূল্যে লয়। তারি দ্রব্য মূল্য দিয়া, তাহারে থাওয়ায়॥"

এইরপে সে মহোৎসবে এত লোক-সংঘটন হইয়াছিল বে, গঙ্গা-তীরে—দেই বিস্তুত ক্ষেত্রে—বসিবার স্থানের অভাব হওয়ায় অনেকে দাড়াইয়াছিল। তথন কাজে কাজেই—

> "তীরে স্থান না পাইয়া, আর কত জ্বন। জ্বলে নামি করে, দ্ধি চিপিটক ভক্ষণ॥"

#### '১২ 🕮 হং রগুনাথ দাস গোদানীর জীবন-চরিত।

এই রূপে দরাল নিতাই রঘুনাথকে অবাচিত রূপে করণ। করেন। নিতাইএর ব্যবহারই ঐরূপ। এই উৎসবে (নিতাইর ধ্যানে) আরু ই হইরা স্বরং মহাপ্রাভু আবির্ভূত হইরাছিলেন।

এইরূপে উৎসব সমাপ্তির সহিত দিবা অবসান হইল। তথন রাঘ্য পণ্ডিত নামে কোন ভক্ত সগণ নিতাই চাঁদকে আপনার বাড়ী লইয়া গেলেন। আমাদের রঘুনাথকেও কাজেই তথায় যাইতে হইল।

পাণিহাটীতে রাঘব পণ্ডিতের বাড়ীতেই নিত্যানন্দের কীর্ত্তনা-নন্দ হইত। সে কীর্ত্তনের উপনা নাই। পাঠক মহাশ্য় হৈতন্য-ভাগবতের উদ্ধৃতাংশে তাহার আভাস পাইয়াছেন। উহা রাঘবের বাড়ীরই কীর্ত্তন।

সংকীর্তনাক্তে সকলে প্রসাদ পাইতে বসিলেন। ব্যুনাথকেও বসিতে বলা হইল, কিছু তিনি বসিলেন না। ঠাঁহার ইচ্ছা বে, ভক্তসংগ্র ভোফনাবশেষ প্রাপ্ত হন। এই প্রম বস্তুর মাহায়্য অসীম।

গ্রীচৈতন্য-চরিতামৃত বলেন—

"ভক্ত-পদ-ধূলি আরি ভক্ত-পদ-জল। ভক্ত-ভূক্ত-শেষ, এই জিন মহাবল॥ এই জিন সেবা হৈতে, ক্লা-প্রেমা হর। পুন: পুন: সর্কা শারে, ফুকারিয়া কর॥"

তথাহি শাস্ত্রং-

"তৃষ্টাবিষ্টবিপাশঃ স্যান্তজ্ঞপাদরজাশ্রয়াৎ। সর্ব্বপাপবিনিশ্বুক্তো ভক্তানাং চরণামৃতাৎ॥"

(ইতি আগমে।)

ভবিষ্যে চ---

"দর্মপাপং ক্ষন্তং দাস্তি বৈষ্ণবোচ্ছিষ্ট-ভোজনাৎ।" পুনস্তবৈত্তন,—

"সংপাদরজোভিষিক্তং শ্রন্ধান্বিত ভবেদ্যদি। ভক্ষণে প্রেমভক্তিশ্চ লভতে নাত্র সংশরঃ॥"

প্সতএব বঘুনাথ আহারে বদিলেন না, এবং অবশেষে কেবল ভক্তের নহে,—স্বয়ং প্রভুর শেষ পাত্র প্রাপ্ত হইয়া কৃতক্তার্থ হইলেন।

রাত্রি প্রভাতে প্রভ্ নিজগণ সহ পুনর্বার সেই রুক্ষ্কে গিয়া বিদিলেন ও রগুনাথকে নিকটে আনিয়া বলিলেন, "রগু, তে'মার অভীপ্ত সিদ্ধ হইবে, তোমার এই মহোৎদবে প্রভ্র আবির্ভাব হইয়াছিল, তিনি তোমাকে কুপা করিয়া গ্রহণ করিবেন। অতএব তুমি নিশ্চিস্ত হইয়া বাড়ী যাও , শীঘই তুমি প্রভ্র প্রীচরণে আশ্রম পাইবে।"

রহস্যেতে রঘুনাথের দও, এই জন্য ঐ মহোৎসবকে "দঙ্জ মহোৎসব" কহিলা থাকে।

## ত্ৰীকেত্ৰ-যাত্ৰা।

পাণিকাটী হইতে রঘুনাথ বাড়ী আসিলেন। নিতাইর রূপার রঘু প্রেমে ঢল ঢল করিছে লাগিলেন। তথন তাঁহার চক্ষের উপর গোঁর নিতাইর লীলাবলী ঝলকে ঝলকে প্রতিফলিত হইতে লাগিল। রঘুনাথ সেই হইতে আর বাড়ীর ভিতরে গেলেন না,

#### ১৪ এমং রবুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

বাহিরে—ছুর্গা মণ্ডপে রহিলেন; এবং প্রাণের উদ্বেদে, বিরহের বন্ত্রণার, হা গৌরাঙ্গ, হা গৌরাঙ্গ করিতে লাগিলেন। যথা —

কোধা মোর দমাল গৌরাল।

তুমি বিনে হার হার, এ হুদি ফাটিয়া যার,

কবে নাথ পাব তব সঙ্গ ॥

নিজ গুণে যদি মোরে, বাদ্ধিয়া রূপার ডোরে,
লয়ে যাও চরণ সদনে।

তবে আশা পূর্ব হয়, হুদে শাস্তি উপজ্বয়,
তবে দাস বাঁচিবে হে প্রাণে ॥
হা হা প্রতো দয়ার সাগর।

প্রাণ যায়, প্রাণ যায়, করিব হে কি উপায়,
যুজণায় ফাটিছে অস্তর ॥

একালে দয়াল হরি, তুমি রূপা মাত্র করি,
অধীনের বাদনাটী পূর।

এ দীন বৈঞ্চব দাস, বলে বাক্য আখায়,

পলাইবার যো নাই; চতুর্দ্দিকে প্রহরীগণ সর্কালা সাবধানে থাকে। এক দিন সে সুবিধা কিন্তু আপনি আসিয়া জুটিল। বিনি ভক্তের ক্রেন্সনে স্বর্গ-সিংহাসনেও স্থির থাকিতে পারেন না, যিনি ভক্তের জন্য কত জ্পাধ্য সাধন করিয়া থাকেন, বিনি ভক্তাহ্বানে একলা ক্ষ্টিক-স্তন্তে আবির্ভূত হুইয়া ছিলেন, যিনি কেবল ভক্ত মাত্রেরই প্রেমাধীন, সেই দ্বাল্ প্রভূ রঘুনাথের কাত্র প্রার্থনার অস্থির হুইয়া উপায় করিয়া দিলেন।

অচিরে পাইবে চিত্ত *সৌ*র I

রঘুনাথের শুক্র যত্নন্দনাচার্য। • কোন কারণে আচার্যের পুছারী চলিরা গিরাছিলেন। এক দিন রাজি-শেষে আচার্ক্স ঠাকুর আদিরা বলিলেন, "রঘুনাথ! আমার পুছারী চলিরা গিয়াছে, আর পুছার ছন্য আপাততঃ কোন ব্রাক্ষণত পাইতেছি না, এখন বদি তুমি ইহাকে বুঝাইরা আমার কাছে পাঠাইরা দাও, তবেই ইয়।"

রধুনাথ গুরুর সঙ্গে চলিলেন; কতক দূর গিলা গুরুদেবকে কহিলেন, "প্রভো, আপনি ঘরে যান, আমি পুঞারী ঠাকুরকে পাঠা-ইয়া দিব।" রবুনাথ এই ছলে গুরুর নিকট হইতে গমনের আজা লইয়া প্রথমে সেই পুজারীকে পাঠাইয়া দিলেন, এবং তৎপরে আমি বাড়ীর দিকে না আগিয়া পলাইলেন। এইজপে রধুনাথ—

\*দারা গৃহ সম্পদ,

निच तांका कशिशम,

মন প্রায় সকল তাজিল।"

রাত্রে প্রহরীরা নিজিত হইয়াছিল, তাহারা এ সংবাদ স্থানিশ না।

এখানে আপনে বলিতে পারেন হে, রবুনাথের এ বড় অন্যার,
পিতা মাতা ও নব বধ্টীকে ফেলিয়া হাওয়া বড় অন্যায়। কিছ রধুনাথ কি যথার্থই বড় দোবী ?

चांशान त्रव्नाशाक (मृशिलारे पूथी। এर कना डीहारेक

"শীবদুনন্দ্ৰনাচাৰ্য্য, অবৈতের শাবা। ভার পাবা উপশাবার, নাহি হয় জেবা। বাস্ত্ৰেৰ দত্তের ভিছে।, কুপার ভাষন। কর্ম ভাবে আগ্রিয়াছে, চৈত্তন্য-চরণ।"

श्रीहरूना-हिद्याम् ।

#### ১৬ শ্রীমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

র । থিতে চান, এবং তাঁহার পারে স্বৃদ্ শুখল পরাইয়া দেন। আর রঘুনাথ প্রাণের য়য়ণায় দে শুখল মোচন করিতে তাঁহাকে দ্যেন, একি উচিত ? সত্য বটে — পিতা মাতা খ্ব বড় বন্ধ, কিন্তু পিতা মাতা হুব বড় বন্ধ, কিন্তু পিতা মাতা খ্ব বড় বন্ধ, কিন্তু পিতা মাতা হুব বড় বন্ধ বর্ধ। তার পর নবীনা ভার্যা? বলিতে পারেন যে, রখুনাথের যদি পলাইবারই মন ছিল, তবে তিনি, বিবাহ করিলেন কেন? কিন্তু এ বিবাহে কি রঘুর সম্মতি কি একটু সুর্থ ছিল ? তিনি প্রধানবিধই জানিতেন যে, ইহা একটী সুদৃত্তম নিগড়। আর তাহাতেই তিনি এ নিগড়ের আয়য়য়য়য়িনে আসেন নাই। \* এখানে রখুনাথের দোষ কি ? এয়ণ না করিলে কি তিনি প্রীগোরাক্ষের সঙ্গ প্রাপ্ত হৈতে পারিতেন? যদি একটু ত্যাগ স্বীকার (?) করিয়া প্রীভগবানকে পাওয়া যায়, তবে কে তাহা না করে? তবে রঘুনাথই বা কেন তাহা না করিবেন? অতএব রঘুনাথকে দোষ দেওয়া কি ভাল?

সে যাহা হউক, রবুনাথ দিক পরিবর্ত্তন না করিয়া পিঞ্চর-মুক্ত বিহঙ্গের ন্যায় উর্জ্ঞখানে পূর্ব্বমুণেই চলিলেন ও পশ্চাৎ ফিরিয়া ক্ষণে কণে দেখিতে লাগিলেন বে, কেহ তাঁহার থোঁছে আসিতেছে কিনা। নিছের সুথ হুঃখের প্রতি কৃষ্টি মাত্র নাই—পায়ে কত উচট্ লাগিতেছে, কত বার পদখালন হইতেছে, কত বার আছাড় খাইয়া পড়িয়া যাইতেছেন, দে দিকে ক্রক্ষেপ নাই, কেবল 'হে নিভাই, হে চৈতন্য' এই মাত্র বলিতেছেন, আর দৌড়িতেছেন। তথন

<sup>\* &</sup>quot;সুলারী বৃৰতী লারী, ভূবনে ভূবিত।
বিব ভূলা মালে ভালা, হেরিরা কম্পিত।"

তাঁহার মন ভয় এবং উদ্বেগে যুগপং আন্দোলিত, তিনি এ সময়ে দেই অনম্ব-শরণ শ্রীগোরাঙ্গকে এক-চিত্রে ডাকিতে লাগিলেন।

ছে গৌরাঙ্গ নিত্যানন্দ চাঁদ।

উদ্ধার করহ মোরে, কুপা বিতরণ করে,

এইবার এডি ধেন ফাঁদ॥

হে গৌরাঙ্গ পতিতের নাথ।

হে দরাৰ নিত্যানন্দ, হে প্রভুর ভক্ত-বৃন্দ,

কর সবে রূপা দৃষ্টিপাত॥

হে গৌরাঞ্চ দ্যাময়, না হইও নির্দয়,

পাই যেন চরণ-দর্শন।

এ দীন বৈঞ্চব দাস, বলে বাক্য আশ্বাস, দেখা পাবে—ভাব কি কারণ II

এইরপে রবুনাথ পথ ছাড়িয়া বন-পথে চলিতে চলিতে সন্ধা-কালে এক গোয়ালার বাথানে উপস্থিত ইইলেন। ঐ স্থান তাঁহার বাড়ী হইতে ১৫ পনের ক্রোশ দরে অবস্থিত। গোয়ালা তাঁহাকে পরিশ্রান্ত দেখিয়া কিছু চুগ্ধ আনিয়া দিলে তিনি সে দিন সেই তথ্য মাত্রই পান করিয়া রহিলেন।

এ দিকে রবুনাথকে না, দেখিরা আত্মীয় স্বন্ধন বড় ব্যাকুল হইয়া উঠিলেন। রঘুনাথের পূর্বে আচরণে তাঁহারা অক্লেশেই বুঝিতে পারিলেন যে, রঘু পলাইয়াছেন। এরপ মনে 'হওয়ায় তাঁহাদের শোকের আর পরিসীমা থাকিল না। রবুনাথের জনুনী ভূমে বিলুটিতা হইতে লাগিলেন। আর লোকললামভূতা সেই লাবণাময়ী বালিকাটী, বিনি কেবল স্বামী-দর্শন ভিন্ন অন্য কোন স্থুপ বুঝেন না, যিনি তাহাতেই মাত্র পরিতৃষ্টা থাকিতেন, তাঁহার

#### ১৮ এীমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

সেই এক মাত্র স্থাধও বিধাতা বাদ সাধিলেন; সে অবলা বালার বিলাপে পাধাপও গলিয়া গেল।

এখানে অগ্রে একটী কথা বলিয়া ফেলি। প্রীভগবাদের ভাগাবলীর মধ্যে একটা ভাগ এই দে, তিনি কাহারও কাছে ঋণী থাকেন না। বিশেষ তিনি কাহাকেও চিরতঃথে নিমঞ্জিত করিয়া রাথেন না। এীগোরাঙ্গের কারণে রঘুনাথের পরিবার অনাথ-সদা বিধাদাচ্ছন্ন, এমন কথাও পরে কেহ বলিতে পারে নাই। এই যে রঘুনাথের জননী, যিনি একদা তিজগৎ শূন্য বোধ করিয়া-ছিলেন, পরে তাঁহার বধূই তদীয় পুত্রস্থেহের অধিকারিণী হইয়া-ছিলেন।-বধুকে বুকে করিয়াই তিনি রখুর বিরহ-জালা ভুলি-তেন। আর রঘুনাথ যে কমলাননা উন্মুথ যৌবনা সুশীলা ভার্য্যাটী এবং সতুল সম্পত্তি ত্যাগ করিয়া চলিয়া গেলেন, ইহার পর এই ঘটনাটা যথন সেই ছঃথিনী রমণী (রঘুনাথের স্ত্রী) ভাবিতেন, তথন তিনি এক অনুপন ভাবে বিভাবিত হইয়া পড়িতেন। যথন ভাবি-তেন-ভগবানের জন্য, শ্রীগোরাঙ্গের জন্য, তাঁহার স্বামী তাঁহা-দিগকে ছাড়িয়া গিয়াছেন, তথন তাঁহার প্রতি অঙ্গ দিয়া প্রেম-রাশি ফুটিয়া পড়িত, ভগবৎ প্রেমে তিনি তথন সমস্ত ভুলিয়া গিয়া বিবশা ও স্তম্ভিতা হইয়া রহিতেন। অ্রশেষে এই চিস্তাই তাঁহার স্থের একমাত্র হেতু হইয়া দাঁড়াইয়াছিল। আবার বধুর এই প্রেমানন্দ সন্দর্শনে শ্বাশুড়ী প্রহর্ষিতা—পরিতৃষ্টা হইতেন।

পে যাহা হউক, রবুনাথের নিদারণ পলায়ন-কাহিনী বংন গুরু যত্নশানাচার্য্য গুনিলেন, তথন তিনি রাজের ঘটনা ভাবিয়া লক্ষ্যিত ও বিষাদিত হইলেন। কিন্তু, "রবু ভালই করিয়াছে," ইহা পরক্ষণেই তাঁহার মনে হইল। তথন তিনি ঘটনা কহিবার ও শোকাত্রদিগকে সাস্থনা করিবার জন্য শীঘ্রই র্যুনাথের বাড়ী আসিলেন। তিনি উপদ্থিত হইলে হিরণ্যদাস প্রভৃতি জিজ্ঞাসা-ক্রমে তাঁহার নিকট হইতে সমস্ত ঘটনা অবগত হইয়া ব্ঝিতে পারিলেন বে, তাঁহাদের অনুমানই যথার্থ হইয়াছে। তথন রম্নাথের অনুসন্ধানে ১০ দশ জন লোক প্রেরিত হইল।

ঐ সময়ে গোড়ীয় বৈষ্ণবগণ নীলাচল (মহাপ্রভূ-দর্শনে)
যাইতেছিলেন। গোবর্জন দাসের প্রেরিত লোক ঝাকরা নামক
ছানে আদিয়া ভক্তগণের সঙ্গ পাইল। তাহারা গোবর্জনের প্রদক্ত
পত্র প্রালায়ায়র রব্নাথের কথা জিজ্ঞালা করিলে, শিবানন্দ দেন
(যিনি অধ্যক্ষতা করিয়া সমস্ত ভক্তদিগকে নীলাচল লইয়া যাইতেন,
তিনি) উত্তর করিলেন, "রব্নাথ এধানে আদেন নাই।" এই
কথা শুনিয়া লোকেরা ফিরিয়া আদিল।

#### স্বিল্ন।

এদিকে রঘুনাথ অতি প্রত্যুষে উঠিয়া পূর্ব্ব দিক ত্যাগ করতঃ
দক্ষিণ মুখে চলিলেন। সেই পূর্ব্ববৎ উদ্ধাধান "প্রীগৌরাঙ্গ প্রীগৌরাঙ্ক" বলিতে বলিতে চলিলেন। যণা ভক্তমালে—

"অতি উৎকণ্ডিত মন, উন্নত্তের প্রায়। দিখিদিক ফিরি বুলে, গ্রাম না তাকায়। জল জ্ফল তৃণ, কেউক শর্কারা। নাহি মানে, ধায় মাত্র বাতুনের পারা।"

#### ২০ শ্রীমৎ রঘুনাথ**দাস গো**ধামীর জীবন-চরিত।

এইরূপে যাইতে যাইতে—

"বার দিনে উন্তরিল, শ্রীপুরুষোত্ম।

তার মধ্যে তিন সন্ধা, আহার দে নাম॥"

এইরপে ১৯ উনিশ বৎসর বয়দের বালক রবুনাথ ১৪৩৯ শকে
নীলাচলে পৌছিলেন। যথন তিনি প্রত্র নিকট উপ হত হইলেন,
তথন প্রীগোরাঙ্গ স্বরূপাদিগণ সহ বদিয়াছিলেন। রঘুনাথ দূর
হইতেই প্রণিপাত করিলেন। বাস্থদের দত্তের কনিঠ মুকুল্ল দন্ত প্রভূর নিকটে ছিলেন। তিনি রঘুনাথকে দেখিয়াই কহিলেন, "ঐ
রঘুনাথ আসিয়াছে।" রঘুনাথ ক্বভাঞ্জলি সহকারে বলিতে লাগিলেন—

> "হে নাধ, হে প্রভো, ওহে করুণানিধান। কুপা কর, আচরণে লইডু শরণ। অনাথ অধম আমি, অতি হীন দীন। কুপাবলোকন কর, জানিরা অধীন॥"

এই প্রকার বিবিধ দৈন্য প্রকাশ করিয়া রঘুনাথ ভূমে গড়াগড়ি দিতে লাগিলে প্রভু ঈষদ্ধাস্য সহকারে তাঁহাকে ভূমি হইতে
উঠাইয়া আলিঙ্গন করিলেন। তৎপর রঘুনাথ স্বরূপাদি সকলকে
প্রণাম করিলে তাঁহারা স্বেহ সহকারে আলিঙ্গন করিলেন। সভঃপর প্রভু হুই একটী কথা বলিয়া রঘুনাথকে স্বরূপ গোস্বামীর হত্তে
সমর্পণ করিলেন। সে কি কথা, তাহা শ্রীচৈতন্য চরিতামৃতের
ভাষায় বলিতেছি। যথা—

' শপ্রভু কহে, রুঞ্চ-রূপা, বলিষ্ঠ সবা হৈতে। তোমাকে কাড়িল, বিষয়-বিষ্ঠা-গর্ন্ত হৈতে॥ রত্নাথ করে, মনে ক্লঞ্চ নাহি জানি।
তোমার রূপার কাড়িল আমা, এই আমি মানি।
প্রেক্ত করে, তোমার পিতা জেঠ। তুই জনে।
চক্রবর্ত্তী কর্মকে আমি, আজা করি মানে।
চক্রবর্ত্তীর হয় দোঁহে, ভ্রাত রূপ দাস।
জ্বত্রের হাদি, বিষয়-বিষ্ঠা-গর্তের কীড়া।
স্থা করি মানে, বিষয় বিষয়ের মহাপীড়া।
যদাপি ব্রহ্মণা করে, ব্রাক্সনের সহায়।
তদ্ধ বিষয়ের স্বতাব, করে সহায়।
তথাপি বিষয়ের স্বতাব, করে সহা জর।
সেই কর্ম করায়, যাতে হয় ভববর।।
হেন বিষয় হৈতে, ক্লঞ্জ উদ্ধারিল তোমা।
কহনে না বার, ক্লক্ত-কুপার মহিমা।
"

এইরপ কথাবার্তার পর প্রভু রঘুনাথকে স্বরূপের হস্তে সমর্পণ † করিয়া কহিলেন, "ইহাকে তোমার হস্তে সমর্পণ করিলাম, ইহার

ठळवर्खी—नीनायतं ठळवर्खी। निर्मातात्रं महाश्रञ्त माणामह ।

† আচার্যা গোসাঞীর শিবা ঐবত্নকন।
বিঘুনার তার শিবা, আল সমর্পণ ।
বিঘর চাড়িনা, নিত্যানক কুপা বলে।
প্রভুর দর্শন কৈল, বাই নীলাচলে।
প্রভুত তারে সমর্পিনা, বরুপের হালে।
শিকা করাইল তারে, কার বাক্য মনে।
কারণ ব্রিল মাত্র, গোরাক আপনে।
কেন ধেন কার্যা করে। বুবে কোন মনে।

#### ধহ শ্রীমং রঘুনাথদাদ পোসামীর জীবন-চরিত।

সহদ্ধে যা' কিছু করিতে হর—তুমি করিবে," এবং শুরুদন্ত ভ্তা গোলিন্দকে কহিলেন—"পথে রবুর অনেক উপবাস হইরাছে, ছুমি ইহাকে কএক দিন ভাল করে খাওরাও।" ইহার পর তিনি মধ্যাক্-ভোজনে গমন করিলে, রবুনাথ স্মুদ্র-সাম করতঃ জগলাধ-দর্শন করিয়া তবে প্রসাদ পাইলেন। রবুনাথের প্রতি প্রভুর কিছুল রূপাবলোকনে ভক্তগণ রবুনাথের ভাগ্য প্রশংসা করিছে লাগিলেন।

মহাপ্রভুর গণে রয়ুনাথ নামে ইভিপুর্বের আর ছই জান ভজন ছিলেন; এই নবাগত রধুনাথকে লইরা এক্ষণে তিন জান হওরা প্রাযুক্ত ইনি "ম্বরূপের রবু" বিলিয়া অভিহিত হইবেন।

#### সরপের আশ্রয়ে।

এইরূপে রঘুনাথ প্রভুর নিকট আসিরা অনেক দিনের পর শাস্তি পাইবেন, অনেক দিনের পর তিনি হাঁফ ছাড়িয়া আরাম পাইবেন। সে সম্পদ এবং আত্মীর বন্ধন হইতে যে আসিতে পারিরাছেন, তাহাতে তিনি অতি মাত্র সুধী ইইবেন, আর এই

> পূলার লগিত রলে, অধিক নিপূণ। বিবাদিশি নহার করে, লগিভার ঋণ। পূর্বে বাকা দিয় আহে, বৃথে কোন জনা। অরপের বির বলি, করেন কলণা।

(ध्यमः रिनाम ।)

ভাবে অনেক দিনের পরে তিনি একটা লোকে প্রকাশ করেন। বধা চৈতন্যন্তবক্রবৃক্তে—

"মহাসম্পদারাদপি পতিতমৃদ্ত্য ক্লপমা,
স্বরূপে যাং স্বীরে কুজনমপি মাংন্যস্য্ন্দিতঃ।
উরোপ্তলাভ্রাহার প্রৈরুমপি চ গোবর্জনিশিলাং,
দদৌ মে গোরাকো ভ্রদর উদরুমাং মদমতি।"
ইহার অন্তবাদ ( ত্রী প্রভু নবনীপ চক্র গোস্থামী ক্লত ) —
"আমি অভাজন জন, বেষ্টিত সম্পদ ধন,
কিতাপ সে বনে দাবানক।

দ্রিভাপ সে বনে দাবান**ল।** স্থরূপে আশ্রয় দিয়ে, করুণাতে উদ্ধারিয়ে, প্রকাশিন আন<del>ক</del> প্রবন॥

বক্ষে ধৃত গুঞ্জাহার, গোবর্দ্ধন শিলা আর, সঁপিলেন দয়া করি মোরে।

এ হেন দয়ার নিধি, ফ্লয়ে উদয় যদি, সে আনন্দ ধৈগ্য কেবা ধরে ॥

আরে মোর সোণার গৌর প্রভূ।

জ্বদৰে উদর হৈয়া, মাতার আমার হিয়া, ভবিতে নারিব আর কভ।"

এই যে শিলা ওছাহার, ইহার কথা একটু পরে নিবেদন করিব।

রখুনাথ স্বরূপের আত্ররে মনের আনন্দে নীলাচলে বাস করিছে লাগিলেন। স্বরূপের ন্যার প্রভুর অস্তরক ভক্ত কেহই ছিল্লেন না; প্রভুর মনের ভাব একমাত্র স্বরূপই বৃথিতেন। প্রভুর প্রতি তাঁহার শীতির একশেব ছিল। বধন প্রভু স্ম্যাস করেন, তথ্ন স্বরূপ

#### 🕯 🗃 মৎ রঘুনাথদাল গোসামীর জীবন-চরিত।

(ইইার পূর্ব্ব নাম পুরুষোত্তম) সেই নিদারুণ বার্দ্ধা শ্রবণে উন্মন্তবৎ দেশে দেশে ফিরিতে লাগিলেন, অবশেরে বিষম বিরহে আপনি ও সন্ন্যাস গ্রহণ করিলেন। কিন্তু প্রভূর নিকটে গেলেন লা,—অভিনানে কাশীবাস করিতে লাগিলেন। পরে প্রভূ ঘণন দক্ষিণ দেশ ভ্রমণ করিয়া নীলাচল আদিলেন, তথন তিনি আর থাকিতে পারিলেন না, সেই সংবাদ শুনিবা মাত্রই ক্রতপদে নীলাচলে উপস্থিত ও প্রভ্র সহিত প্রনীর্মালিত হন।

নিমের শ্লোকটী স্বরূপের-

"রাধাক্ষ প্রণয় বিকৃতি হলাদিনী শক্তিরয়।—
দেকাত্মানাবপি ভূবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকট মধুনা তদ্বইঞ্চ্যমাপ্তং,
রাধাভাবছাতিস্থবলিতং নৌম কৃষ্ণস্করণং ॥"

ভাবার্থ—ক্ষ-প্রেমের বিকৃতিরূপ হ্লাদিনী শক্তির নাম রাধা। এই হেতু শব্ধপতঃ তাঁহারা একাত্মা হইয়াও বিলাদ-বাদ-নাম পুরাকাল হইতে দেহ-ভেদ স্বীকার করেন। সম্প্রতি সেই চুই জন একত্ব প্রাপ্ত হইয়া প্রীচৈতনা নামে প্রকট হইয়াছেন। অতএব রাধাভাবভাতি-স্ববলিত কৃষ্ণ-স্বরূপ সেই চৈতন্য দেবকে প্রণাম করি।

্ ফলতঃ, স্বরপের ন্যায় মহাঞাভুর অভ্তরজ ভক্ত আবে কেংই ছিলেন না।

এ হেন স্বরূপের আশ্রম পাইয়া ও উঁহোর নিকট হুইতে বিবিধ নিগৃত্ত ব অবগত হুইয়া রমুনাথ মনের জ্যানক্ষে নীলাচলে বাদ করিতে লাগিলেন। অতএব স্বরূপ রমুনাথের শিকাগুরু। \*

থেমবিলালোক ত প্র টীকা বটব্য।

#### রবুনাথের বৈরাগা,—ভাঁছার মানসিক সেবা । ২±°

রমুনাথের গৃহবাস কালে সুখ ছিল না, পরে দেখিবেন—মুম্বাবন বাসকালেও তাঁহার মনে সুখ নাই; স্থতরাং তিনি নীলাচলে বে করেক বৎসর ছিলেন,—মনের সুখেই ছিলেন।

# রছুনাথের বৈরাগ্য,—ভাঁহার মানসিক সেখা।

রষুনাথ অগনাথ দর্শনান্তর প্রকৃত্ব অবশিষ্ট ভোজন ও নাম 
ক্রাহণ করেন। এইরূপ পাঁচ দিবস গত হইলে রখুনাথ আর খাইতে
আসিলেন না, এখন রাজি দশ দণ্ডের পর জগনাথের অঞ্চলি দর্শনাভর সিংহ্রারে দাঁড়াইরা থাকেন, তখন কেছ কিছু দিলে তবে
খান, নতুবা উপবাস করেন। গোনিস্থ এই কথা প্রভুকে জানাইলেন। উহা তানিরা প্রভু বড় সম্বন্ধ ইইলেন এবং এই উপলক্ষে
কুপা করিয়া বৈঞ্চবদিগকে নিয়োক্ত উপদেশ প্রদান ক্রিলেন।
বথা প্রীটেডন্য-চরিভামৃতে—

"ভাল কৈলা, বৈরাগির ধর্ম আচরিলা। বৈরাগী করিবে সদা, নাম সন্ধীর্জন। মাগিঞা খাইঞা করে, জীবন রক্ষণ॥ বৈরাদী হইয়া বেই, করে পরাপেকা। কার্যাসিদ্ধ নহে, ক্লফ করেন উপেকা॥ বৈরাপী হইয়া করে, ভিহ্নার লালস। পরমার্থ রায়, তার রবে, হর ববা॥

#### ২৬ জমৎ রবুনাধদাস গোসামীর জীবন-চরিত।

বৈরাপীর কৃত্য সমা নাম স্কীর্তন। শাক পত্র ফলে মুলে, উদর ভরণ ॥ ফিহবার লালনে যেই, ইতি উতি ধার। শিশোদর-পরারণ, কৃষ্ণ নাহি পার॥

অনস্তর এক দিন রবুনাথ স্বরূপের স্বারা প্রভূকে কহিরা পাঠা-ইবেন যে, তাঁহার কর্ম্বর কি নেই সম্বন্ধে প্রভূ হেন প্রিমুখে কিছু বলিয়া দেন। ইহা তানিরা প্রভূ হাসিয়া হাসিরা কহিলেন, "স্বরূপ তোমার সব বলিবে, প্ররূপের নার আর্মিই অত জানি না; তথাপি স্বামার বাক্যে প্রভূথিকা হেতু কহিতেছি—

"থাম্য বার্দ্ধা না কহিবে, প্রায়্য বার্দ্ধা না ওনিবে। ভাল না থাইবে, আর ভাল না পরিবে। আমানী মানল, ক্লফ নাম সলা করে। ব্রন্ধে রাধা ক্লফ সেবা, মানসে করিবে।" তথাহি শ্রীমহাপ্রস্কু-বাক্যং— "ত্থাপপি সুনীচেন তরোরপি সহিষ্কুনা। অমানিনা মানদেন কীর্দ্ধনীয়া সলা হরিঃ।"

হার ! বর্ত্তগানে এই সুত্রত উপদেশাকণী সম্যক রক্ষিত হয় না, হইলে বৈঞ্চৰ সমাজ্যের এত হুগতি হুইত না। এই অমূল্য উপদেশগুলি যে শুধু ভেকাশ্রিত বৈঞ্চৰগণের পক্ষে, তাহা নহে; ইহাই বৈঞ্চৰ ধর্মের মূল হতা।

্ এইরপে রবুনাধ স্বরূপের সঙ্গে থারিকরা মহাপ্রাভুর অন্তরক সেবা করিতে লাগিলেন। ইহার কিছু দিন পরেই গোড়ের ভক্ত-

#### রঘুনাথের বৈরাগ্য,—ভাঁহার মানদিক সেবা। ২৭

গণ আদিয়া পৌছিলে, রধুনাধ অবৈতাদি সকলকে প্রণাম করি-লেন; এবং রধুনাথের পিতা তীহাকে দুইয়া বাইবার দ্রুনা বে প্রকার লোক ও পত্র পাঠাইয়া ছিলেন, শিবানল সেন ডাহা তীহাকে কহিলেন।

গৌড়ের ভক্তগণ বর্ষার চারি মাস নীলাচলে থাকিকা দেশে ফিরিরা গেলেন। তখন ববুনাথের পিতা লোক ক্ষরা নিবানন্দের নিকট হুইতে পুত্রের সমস্ত সংবাদ ওনিলেন। ত রহুনাথের কঠোর বৈরাগ্যের কথা ওনিরা, বলা বাছল্য বে, জাহার পিতা-মাতার মনে হুঃখ উপস্থিত হুইরাছিল। রহুনাথের পিতা পর বর্ষে এক

পোবর্ত্তন-প্রেরিভ লোক ও নিবামক কেনের কথাবার্ত।
 বর্ণা—প্রেমদানের অভ্যাদিত চৈত্তবাচল্লোবর নাটকে—

শনাগত যোক বলে, গুল বহাণর।
রব্নাথ লাল ননে, অ'ছে পরিচর প
লেল বলে, "পরিচর কি জিল্লান আর প
প্রাণাবিক প্রির, রব্নাথ যো নগার ১"
ভাষার বৈরাগা রাজি, কোলীলা ভজন।
বেশি ভারে প্রীতি করে, নর্মা ভজনা ।
বিভাগত যোলাকির, নাস্থেব ছাল।
বহুলথ আচার্বি, ভাষার কুপা-পাল।
ভারে নিথা রব্নাথ, প্রাথাবিক লোর।
বিভাগন ক্রিনার, বাস্থেব ছাল।
ব্রাপ্রের ক্রিনার, ব্রাপ্রাপ্র ভ্রাপ্র ভ্রাপ্র

## হিচ জীমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

আছেণ ছারা চারি শত টাকা পাঠাইয়া দেন। -রবুনাথ কিছু টাকা আহণ করিলেন না। তিনি টাকা দিয়া কি করিবেন? আব টাকার এতি আসজিক থাকিকে কি বিংশতি লক্ষের স্বামীয় ভাগ করিতে পারিতেন?

রখুনাথ টাকা লইকেন না, সে বাক্ষণত কিন্তু টাকা না দিরা বান না; সুতরাং কি করেন? অগত্যা ঐ টাকা প্রভুৱ সেবার বার করিতে মনত্ব করিয়া মানে ছই বার প্রভুকে নিমন্ত্রণ করিতে লাসিলেন। মানে ছই দিন খাওয়াইতে আট পণ কড়ি লাসিত, বাক্ষণের নিকট ছইতে তাহাই মাত্র প্রহণ করিতেন; বাকি টাকা বাক্ষণের কাছে থাকিত। কিছু দিন পরে রবুনাথ নিমন্ত্রণ বন্ধ করিয়া দিলেন। তাহাতে প্রভু স্বরূপকে জিল্লাসা করিয়া ভানি-লেন দে, রবুনাথ বিষয়ীর অর্বে ক্রীত ক্রব্যে তাহার সেবা করা স্বন্যার ভাবিয়া নিমন্ত্রণ বন্ধ করিয়াছেন।

"গুনি—মহাপ্রভু হাসি বহিতে লাগিলা।
বিষয়ীর অন্ন গাইলে, মলিন হল্প মন।
মলিন মন হৈলে, নহে ক্তক্ষের স্থারণ ॥
ইহার সংকাচে আমি, এত দিন নিল।
ভাল হৈল, জানিলা আপনে ছাড়ি দিল।

( খ্রীচেত্না চরিতামূত। )

আনজন, থাওয়ার জন্য নিংহ-লারে ইড়িইয়া থাকা রবুনাথের ভাল লাগিল না। তিনি উহা পরিত্যাগ পূর্কক "ছতে" গিয়া নগাকে মাত্র ভিক্ষা করিয়া থাইতে লাগিলেন। মহাপ্রভূ ইহাও তনিলেন, তনিয়া বড় সহুই ইইয়া কহিলেন—"রবু ভালই করেছে, 'বিংহ-লাকে বিজ্ঞাইয়া থাকা েশ্যার রীতি; ইহাতে 'থ্রি এক জন

### রঘুনাথের বৈরাগ্য,—ভাঁহার মানসিক সের। ২৯

আসিতেছে, এ দিবে, ঐ অগর ব্যক্তি আসিতেছেন, উনি দিবেন," মনে ইত্যাকার বিবিধ সকল অলো।" ইহা কহিলা প্রজু প্রীতিসহকারে জাঁহাকে প্রীতিগাবর্দ্ধন সিরির এক খণ্ড শিলা ও এক ছড়া ভলামালা (বাহা তিন বংসর পূর্বে জাঁহাকে শকরানক্ষ সরস্বতী দিল্লাছিলেন, তাহা) দিল্লা কহিলেন, "এই শিলাকে প্রীক্ষেত্র বিপ্রহ জানিলা ভূলসী মন্ত্রী ভারা সাহিক ভাবে পূজা কর।" রঘুনাথ শিলা ও মালা পাইলা বড় আনন্দিত হইলেন। তিনি ভাবিলেন—"এ শিলা দিলা প্রভু আমাকে গোবর্দ্ধনে এবং মালা দিলা রাধা কৃতে বাসের অনুমতি দিলেন। এই নিদেশ অনুসারে ভবিবাতে তিনি গোবর্দ্ধনে ও রাধাকুতে বাস করিলাছিলেন।

কিছুদিন পরে রখুনাথ ছত্ত্রে ভিক্ষা করাও ত্যাগ করিলেন। ভাবিলেন—"আমি বে ভিক্ষা আনি, তাহাতে অন্য এক হৃদের খাওয়া হইতে পারে।" অতএব তিনি ইহা ত্যাগ করিয়া অন্য এক নিরম করিলেন।

"অনস্ত রবুনাথের গুণ, কে করিবে লেখা।
রবুনাথের নিষম যেন পাথরের রেখা।
সাড়ে সাত প্রহর যায়, বাঁহার স্মরণে।
আহার নিলা চারি দও, সেহ নহে কোন দিনে।
বৈরাগ্যের কথা তার অভ্যুত কথা।
আছর না দিল, জিহবার রদের স্পর্শন।
ছিঁড়া কানি কাছা বিনা না পরে বদন।
সাবধানে কৈক, প্রভূর আক্রার পালন।"

( **এটেচতনা**-চরিতামূত i)

## ৩০ শ্রীষং রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

রবুনাথ নিরম করিলেন যে, প্রসাদ-বিজ্ঞেণ কের যে সব প্রসাদ বিজ্ঞের না হর বাদি হইরা গেলে ভিন চারি দিন পরে তাহা সিংহ্বারের নিকট এক ছানে গাভীদিগকে খাইতে দেওরা হয়, তাহার 
রধ্যে পাঁগ গদ্ধে গাভীরাও বাহা না গাইরা চলির যার রবুনাথ
ভাহাই লইরা আসিতেন ও ভাল করে জলে গ্রেভ করিরা, অয়
লবণ নিশাইরা, তবে যে কিছু খাইতেন। স্বরুপ গোস্থানী রবুনাথের
এই অন্ত আচরও দৃঃষ্ট বিশ্বিত ও বিমোহিত হইলেন, এবং এরু
দিন চাহিরা কিছু খাইলেন ও প্রেমানন্দে বলিরা উঠিলেন—"রমু,
ভূমি রোজ বোজ ঐরপ অমৃত থাও, আর আমাদিগকে দেও না,
এ ভোমার কেমন প্রকৃতি 
ইল তারি বার ভির বাকিতে পারিলেন না;—কি
ক্রিলেন, তাহা নিয়ের পদটাতে প্রকাশিত আছে।

দ্যাল গৌরাঙ্গ আমার ভকত-বংসল।
ভাবপ্রাহী জনার্দন, এবে দে শচীনন্দন,
ভক্তের ভাবেতে হন কাতর—বিকল।
স্বন্ধপের ব্যুনাথ, ধুইয়া দে শড়ি ভাত,
প্রতি দিন থায়েন আনন্দে।
প্রই সব বিবরণ, এক দিন নিবেদন,
প্রভু কাতে করিলা গোবিন্দে।
ত নয়া দ্যাল মোর, হৈয়ে বিগলিত রে,
র্যুনাথ কাতেতে আইলা।
শ্বীয়া বস্তু থাও রঘু, আমার না দিয়ে রে,
প্রতু বলি প্রাস্থক কইলা।

### রঘুনাথের বৈরাপা,—ভাঁহার মানসিক সেবা। ৩১

কত না বঁতনে লক্ষ্মী, রন্ধন করিয়া রে. বে প্রভরে খাওরার সতত। অমতের অমত জিনি, খাদা খাওয়াইতে রে. লক্ষী দেবী হন সক্ত চিত।। সেই প্ৰভু দৰামৰ ভাবেতে গলিয়া বে শঙি অর সুখেতে লইলা। **মার প্রাস লৈ**তে প্রভু, হার হার করিরে, স্ত্রপ সে হাতেতে ধরিকা # "ঐছন গৰিত অস্ত্ৰ, তব যোগ্য নতে রে," বলিয়া স্বরূপ কাডি নিল। প্রভু করে, "নিতি আমি নাল অর পাই রে. কভু ঐছে স্বাদ না পাইল।" আমার দয়াল প্রভু, ঐছে কত লীলা রে, করে আহা স্বান্থভাবাননে। u मीन देवकाव मात्र, त्म मव मातिया तत्र, নিরস্তর ঝারে ঝারে কান্দে ॥

রধুনাধের নীলাচলাধ্যান এইরপ। এইরপ তিনি বোল বংসর তথার অতিবাহিত করেন। এখন রবুনাধের এই নীলাচল,
কাহিনী শেষ হইরা আদির ৮ এখানে আর একটী কথা বলে নেই,
ভার পরেই আমাদিগকে তুঃধ সহকারে নীলাচল হইতে বিদার
লইতে হইবে।

একদা রবুনাথের জর হইল। জর অস্তেসকলেরই নানারিধ দ্রব্য খাইতে ইচ্ছা হয়। এক দিন রাতে রবুনাথেরও তাহাই চুইন, মার সমনি তিনি মান্দে দেই সব সুসাদ দ্রব্য প্রস্তুত (পাক)

### ৩২ এমং রবুনাথকাস গোলামীর জীবন-চরিত।

করিতে লাগিলেন। সৰ প্রস্তুত হইরা সেলে মানসে তাহা প্রস্তুকে খাওরাইলেন। রবুনাধের মনোমত তৃত্তিকর বিবিধ খাদ্য দ্রব্য প্রস্তুত্ত বড় তৃত্তির সহিত খাইলেন, এবং কবুনাথ আনন্দে অবশেষ পাইলেন। এইরণে জরের পথ্য হইরা গেল।

এ গেল মানসিক ব্যাপার; ধ্যাতা এবং ধ্যের অন্তর্জগতে যে
লীলাই করুন না কেন, বাহ্য-জ্বগৎ তাহার অনুসদ্ধান রাধে না,—
ভানিতে পারে না। কিন্তু ভগবান, যে কোন ছলেই হউক, ভত্তমহিমা প্রচারে সদ। বাস্ত। অতএব চরিতামূতে এক স্থলে বলিমাছে,—

"ভক্ত-মহিমা বাড়াইতে, ভক্তে সুথ দিতে। মহাপ্রভু সম আর, নাহি ত্রিছগতে॥"

অতএব ভক্তের হৃদয়-ধন শচী-নন্দন পর দিন আর থাইতে গেলেন না। পর দিন নিয়মিত সময়ে গোবিন্দ তাঁহাকে থাওয়ার জন্য কহিলেন। প্রভু বলেন—"কানিকার ভোজনে আমার পেট ফুলিয়া গিয়াছে, এখন আর থাইতে পারিকুনা।" এই কথার মর্ম কেহই বৃঝিলেন না। তখন প্রভু বলিন—"কল্য রাত্রে স্করপের রবু আমাকে নানাবিধ উৎকৃষ্ট উৎকৃষ্ট জব্য থাওয়াইয়াছে, তাহাতে আছে আমার আর থাইতে কৃষ্টি হইতেছে না।" ভক্তগণ এ কথারও মর্ম বৃঝিলেন না,—বিন্দিত হইয়া তাঁহারা রঘুনাথের কাছে গিয়া তথ্য জিজাসা করিলে, তিনি লজ্জিত হইয়া সমুদ্র নিবেদন করিলেন।

আমার দ্যাল প্রভুর লীলা এইরপই বিচিতা। ভক্ত-মহিমা প্রচারের অন্য এরপ লীলার তাঁহার বড়ই আমোদ; কিছু রঘুনাবের বৈরাগ্য,—তাঁহার মানসিক সেবা। ৩০

পূর্বে ঐ প্রভৃষ্ট নবৰীপে মুরারী গুপ্তের এইরূপ মানসিক সেবা ধ্বংশ করিয়াছিলেন; তখন এইরূপই তাঁহার পেট, ফুলিয়া গিয়াছিল, এবং প্রভাতে গুপ্তের কাছে চিকিৎসার খন্য গিয়াছিলেন।

ইতি-পূর্বার।



# শ্রিমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

## উত্তরাদ্ধ।

### द्रघूनाथ द्रमावटन।

আবাহন করিলে আবার বিসর্জ্জন করিতে হর। রামাবতারে পৃথিবীর প্রার্থনার ব্রহ্মাই ভগবান্কে অবনীতে অবতীর্ণ করাইয়া ছিলেন, অবশেবে তিনিই দৃতদ্ধপে কালকে পাঠাইয়া লীলা সম্বরণের সময় শারণ করাইয়া দেন। শ্রীক্লঞাবতারেও প্রক্রপই কার্যা হয়। আর ব্রহ্মা এবং শিব ভিন্ন অন্য কেই বা সে কার্য্য করিবে ?

মহাদেব এই অবতারে খ্রীখাট্রতরূপে খ্রীহট্টের নবগ্রামে জন্ধ-ধাহণ করেন। 

ক্ষান্ত প্রকৃত ক্ষান্ত ধর্মাভাবাবলোকনে ব্যথিত

"বল্লনেশ, বহুট নিকট বংগাব।

নক্ষারাধ্য অধৈতা চল্লের প্রির ধান ॥"
"নবগ্রাবে জ্মিলেন, য়য়য়৾৻য় চল্লে॥"

জমকালে ভ্যনে, ব্যাপিল সহানক॥"

ভক্তিয়াকর

হুইরা ধর্মের উদ্ধার ও পাশীর নিস্তারার্থ কাডর প্রাণে **প্রতগ**-বান্কে ডাকিতে থাকেন।

শান্ত্র বলেন বে, বথন ধর্মের নিভান্ত গ্লানি উপস্থিত হর, স্থন ভক্তগণ প্রপীড়িত হইতে থাকেন, বথন বিবিধ উৎপীড়নে দেশ আহি আহি করিতে থাকে, তথনই ভক্তের ক্রম্মন ধ্বনিতে প্রীডগ-বানের স্বর্গ-নিংহাসন প্রকম্পিত হর, তথনই তিনি আবির্ভূত হইছা ভক্তের উদ্ধার সাধন এবং চুক্সাদের নির্ব্বাতন করিয়া থাকেন।

অবৈত প্রভূ বিবিধ কারণে ছগতের এই ছাবটী বিলক্ষণ রূপে অনুভব করিয়াছিলেন। স্থতরাং তিনি প্রতিনিয়ত চিস্তা করিতে লাগিলেন বে, এমন কি সাধন আছে, বাহার বলে তিনি ভগবান্কে আকর্ষণ করিতে পারিবেন। এইরূপ চিস্তা করিতে করিতে হঠাৎ গোত্মীয় তব্রের নিয়লিধিত প্লোকটী জাহার মনে পঞ্চিল। গোক্ষ বর্ধা—

"তুলসীদলমাত্ত্ৰেণ জ্বলন্ত চুৰুকেন বা। বিক্ৰীনীতে স্বমাস্থানং ভক্তেভাগ ভক্তবংসলঃ॥"

অবৈত প্রভূ এই প্রোকার্থ বত বিচার করিতে লাগিলেন, হর্মে এবং প্রেমে ততই বিহরল হইতে লাগিলেন। "আহা! আমার প্রভূর কি দরা! মরি! মরি! কি দরা! যদি একটী মাত্র তুলসীপত্র বা গণ্ডু মুমাত্র ফল দারা ভক্তি সহকারে তাঁহার আরাধনা করা যার, তবে সেই ভক্ত-বংগল ভক্তের কাছে আত্ম বিক্রেয় করেন। এগন দীন-বংগল আর কে ?" ইহা বলিয়া আবৈত প্রভূ উদ্ধার্ম হইয়া নৃত্য করিতে লাগিলেন। আর এই হইতেই তত্রপ সঙ্কর পূর্ক্ক প্রভিতগবানের আরাধনা আরক্ত করিলেন; এই আর্থনাই গৌর ক্ষ্মতারের একটী মুখ্যতম হেতু 1 অতথ্য অবৈত প্রভূব-

### ভি৬ শ্রীমং রঘুনাধদাস গোষামীর জীবন-চরিত।

সার্চন হন্ধার ধ্বনিতেই প্রীপৌরাস অবতীর্ণ হন। অবশেষে যথাসমরে ঐ অবৈত প্রভুই, তাঁহার লীলা সম্বরণের জন্য ইন্ধিত করিয়া,
একথানি সক্ষেত লিপি নীলাচলে প্রভুর কাছে পাঠাইয়া দেন।
আবৈত প্রভুর প্রেরিত এই "তর্জ্জা" (প্রেংলিকা, হেয়ালী) পাওয়ার
কিছু দিন পর প্রভু এক দিন অক্সাং ছগরাধ ও গোপীনাধের
আন্ধে ব্গপৎ বিলীন ইইয়া গেলেন। তথন শক ১৪৫৫, জাবাচ্
নাস, এবং সপ্রমী িধি।

প্রভুর আদর্শনে তদীয় ভক্তগণের দশা কিরপ হইয়া ছিল, 
ডাছা কেছই বর্ণন করেন নাই, বর্ণনা করিতে ইচ্ছাও ছিল না।
কিন্তু তাহা বর্ণিত না থাকিলেও সকলেই ব্রিতে পারেন। এই
প্রস্তের দীন হীন লেখকও তাহা বিস্তার করিতে পারিবে না।

প্রভুৱ অন্তর্দ্ধানের পরই স্বরূপ ও অন্যান্য ভক্তগণত অন্তর্ধিত হইলেন। অচরেই নীলাচল এবং নবদ্ধীপ স্বরুকার হইল। প্রভুৱ ইচ্ছাক্রেমে রবুনাগ রহিলেন। রবুনাগ রহিলেন, কিন্তু সে শৃন্যপুরী নীলাচলে আর শান্তি পাইলেন লা; স্মৃতরাং তিনি সেই ১৪৫৫ শকেই «—তাঁহার ৩৫ বৎসর বর্ষের সমন্ত্র নীলাচল ত্যাগ করতঃ)

"বল্লপের বল্লাখে, দৰ্শন না পাইয়া। কাংক উনিবাস, অভি আকুণ হইয়া। প্ৰভুৱ বিহোগে, বল্লপের অবৰ্ণন। মহাতুঃখে বলুবাখ, গেলা বুকাংক ॥

<sup>•</sup> প্রেমাণতার শ্রীনিবাদাচার্য প্রজু নীলাচলে শ্রীবোরাকের দর্শনার্থ
নাইতেছিলেন। তিনি,পুরীর কিছু দূর থাকিছেই গুনিতে পা<sup>†</sup>লেন বে,
অন্ন দিন ধরে প্রজু অন্তর্হিত ইইরাছেন। পরে শ্রীনিবাদ বখন কেলে
পৌছিলেন, স্বরণকে পাইলেন না, এবং রঘুনাথকেও পাইলেন না।
বথা—ভব্বিভাকরে—

### রঘুনাথের বৈরাগ্য,—ভাঁহার মানসিক সেবা। ৩৭

রু দাবনের দিকে চলিলেন। ই ছা — গ্রীক্রপ ও সনাতন গোদ্ধান মীকে দর্শনান্তর পর্বত ইইতে পড়িগ্বা দেহপাত করেন। যথা প্রীচৈতন্য চরিতামতে—

"মহাপ্রভুর প্রেয় ভৃত্য, রবুনাথ দাস। সর্ব্বভ্যাগী কৈল, প্রভুর পদতলে বাস। প্রভুর পদতলে বাস। প্রভুর শুর বিলা, প্রক্রপের হাতে। প্রভুর শুর বেলা কৈল, অন্তরঙ্গ দেবন। স্বরূপের অন্তর্জ্ব দেবন। স্বরূপের অন্তর্জ্ব দেবন। স্বরূপের অন্তর্জ্ব দেবন। স্বরূপের অন্তর্জ্ব দেব, আইলা বৃন্দাবন। ব্রেক্তার করির।। প্রত্বত নিশ্চর করি, আইলা বৃন্দাবন। আদি রূপ সনাতনের, বিলিল চরণে। তবে ছই ভাই তারে, সরিতে না দিল। নিজ ভৃতীয় ভাই করি, নিকটে রাখিল।। মহাপ্রভুর লীলা যত, বাহির অন্তর। ছুই ভাই তার মুণ, শুনে নিরস্তর।

রব্নাথের জীবনে স্পৃহা নাই, তবে প্রীর্প ও স্নাতন এবং প্রীর্কাবন দর্শনের অভিনাধ পূর্ব হইতেই তাঁহার অন্তরে ছিল। এই অভিনাধ পূর্ব করতঃ প্রীগোবর্ধন পর্বতের উপর হইতে পড়িয়া প্রাণত্যাগ করিবেন, এরপ সকল করিয়া র্কাবনে আসিলেন। কিছু প্রীর্কাও স্নাতনের মেহ ও আগ্রহে দেহত্যাগ করিতে পারিলননা, রক্ষাবনেই বাস করিতে লাগিলেন।

এই যে জীরপ ও সনাতনের নাম করিলাম, ইহাঁরা কে

## ৩৮ শ্রীমং রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

চিলেন ? রখুনাথই বা ইহাঁদিগকে দেখিতে এত উৎস্ক কেন ?

শ্রীরপ ও স্নাতন গোস্বামী ভবদান্ধ গোতীয় ব্রাক্ষণ। তাঁহা-দের পূর্ব পুরুষ কর্নাট দেশ হইতে বাঙ্গানায় আগমন করেন। স্নাতন গোড়ের বাদ্সাহ হুঁদেন থার মন্ত্রী ছিলেন। স্নাতনের উপাধি "দাকর মন্লিক।" ইহার কনিষ্ঠ শ্রীরপ রাজার দর্বপ্রধান কর্মানারী ছিলেন, ইহার হতাক্ষর অতি উত্তম ছিল বলিয়া "দ্বির ধাদ" এই উপাধি প্রাপ্ত হন।

যদিও এই ত্রাত্মৃগল ওরপ সম্মানিত এবং উচ্চপদে আরচ্ ও স্ববিস্তৃত ভূ-ভাগের অধিকারী ছিলেন, কিন্তু যথন তাঁহাদের মনে বৈরাগ্য উদিত হইল, তথন অতি তৃচ্ছে জ্ঞানে রাজস্মান ও অতুল ঐশ্বর্গ মুহূর্ত্ত মাতে পরিত্যাগ করিয়া প্রীগোরাঙ্গের সহিত সন্মিলিত হলৈন। কিন্তু প্রভূ তাঁহাদিগকে সঙ্গে রাখিলেন না। আসন অতিপ্রায়াত্ররপ ভক্তিগ্রন্থ ওবিলুপ্ত তীর্থ প্রকাশার্থ শক্তিপ্রদান পূর্বেক ব্লাবনে প্রেরণ করিলেন। এখন যে আমরা প্রিকাবনের লীলাস্থলগুলি অবলোকন পূর্বেক ক্রতার্থ হই, তাহা এই তুই মাহাঝার প্রসাদাৎ। ইইারাই বৈষ্ণ্য ধর্ম্মের আদি আচার্য্য—মহাজন। প্রীর্লাবনে রূপ-সনাত্রই প্রভূর সর্ব্যাপ্তিভক্ত ছিলেন; প্রভূ একমাত্র প্রীদাগকে দেখিবার ইচ্ছা স্বাভাবিক।

রধুনাথ রূপ-দনাতনের কাছে রহিলেন, যেন তিনটী ভাই— একে স্থন্যের প্রাণ স্বরূপ। দেখানে রবুনাথ আর একটী নিয়ম করিলেন। আহারাদি বিষয়ে নীলাচলে তাঁহার যে নিয়ম ছিল,

### রঘুনাথের বৈরাগ্য,—ভাঁহার মানসিক সেবা। ৩৯

তাহা পাঠক মহাশ্য জানেন। শ্রীগোরাঙ্গের অন্তর্জানের পর তিনি সে "সুর্ অর"ও তাাগ করিলেন। এখন কেবল তাঁহার ফল মূল ও কিছু তক্রমাত্র আহারীয় হইল। যথা প্রাচীন পদে—
"রাধা ক্ষা বিয়োগে. ছাডিল সকল ভোগে.

সুথ কথ আয় মাত্র সার।
গোরাঙ্গের বিয়োগে, আর ছাড়িছিল আাগে,
ফল গব্য করিল আংহার॥"

তিনি রুন্দাবনে কি প্রকারে কালধাপন করিতে লাগিলেন, তাহার সংক্ষেপ বর্ণনা এই—

"অন্ন জল ত্যাগ কৈল,—অন্ত কথন।
পল ছই তিন মাঠা, করেন ভক্ষণ॥
সহস্ৰ দণ্ডবৎ করে, লয় লক্ষ নাম।
ছই সহস্ৰ কৈছেবেরে, নিত্য পরণাম॥
রাত্রি দিনে রাধাকুঞ্চের, মানদ দেঘন।
প্রহরেক মহাপ্রভূব, চক্তির চিন্তন ॥
তিন সন্ধ্যা রাধাকুণ্ডে, আপতিত হান।
ব্রজ্ঞবাসী বৈঞ্চবেরে করে, আলিন্ন দান॥
সার্দ্ধ প্রহর করে, ভক্তির সাধনে।
চারিদণ্ড নিজাং, সেহ নহে কোন দিনে॥"

রঘুনাথ প্রথমে কএকদিন গোস্বামীদের কাছে রহিলেন, পরে কিছু দিন গোবর্ধনে এবং অবশেষে রাধাকুণ্ডে বাস করিতে লাগি-লেন। এই সময়েই তিনি ভূবন-ছুর্লভ গ্রন্থ ও পদাদির বুচনা করেন।

### ৪০ এমৎ রঘুনাথদান গোসামীর জীবন-চরিত।

রঘুনাথদাস নীলাচলে "স্বরূপের রঘু" নামে আখ্যাত ইইতেন, কুন্দাবনে তিনি "দাস গোস্বামী" নামে বিদিত ইইলেন। সেথানে তিনি প্রভুদত্ত শিলার সেবা ও ভছন করিতে লাগিলেন।

যথা ভক্তি রত্নাকরে---

, "প্রভুদন্ত গোবর্দ্ধন শিলা, গুঞাহারে।
নেবে কি অভুত সুখে, আপনা পাশরে॥
দিবানিশি না ভানয়ে, খ্রীনাম গ্রহণ।
নেত্রে নিজা নাই, অঞাধারা জনয়নে॥
দাস গোষামীর েত্তা কে বৃদ্ধিতে পারে ?
স্দা ময় রাধাকুক, চৈত্রা বিহারে॥

#### ঐ সম্বন্ধে ভক্তমাল কহিতেছেন—

"রাধাক্ষণ প্রাপ্তি লাগি, সদা উৎকটিত।
সদা হাহাকার, ক্ষণে স্থির নহে চিত ॥
হে হে বৃন্দাবনেশ্বরী, হে ব্রজনাগর।
দেখাইয়া আচরব, প্রোণ রাখ মোর॥
আহার নিজা নাহি, সদা করয়ে ফুৎকার।
বাহ্য ক্রিনাহি, সদা বেন মাতোয়ার॥
\*\*

## শ্রীরাধাকুও তীরে।

 এইরপে তিনি রাধাকুও তীরে বাস করিতে লাগিলেন। রাধাকুও তথন কুও ছিলেন না, কুও কাল সহকারে বিলুপ্ত হইষা গিয়াছিলেন, এবং তাঁহার স্থানে এবটা ধান্য-ক্ষেত্র মাত্র ছিল। কু ওদ্ধ কোথায় আছেন, ইতিপূর্ব্বে তাহা কেহই জানিত না; পরে প্রীগোরাঙ্গ বংন বৃন্দাবনে শুভ বিজয় করেন, তথনই সে ক্ষেত্র কুও বলিয়া পরিজানিত হয়। যুখা ভক্তি রত্নাকরে—

" শ্রীকৃষ্ণ চৈতন্য, বন-দ্রমণ করিরা।

এই তমালের তলে, বসিলা আসিয়া॥

অরিষ্ট প্রামীয় লোকগণে, জ্বিজাসিল।

কৃণ্ডদ্বর বার্ডা, কেই কহিতে নারিল॥

সঙ্গেতে আইলা বিপ্র মধুরা ইইতে।

তারে জ্বিজাসিল, সেহো না পারে কহিতে॥

প্রভূ সে সর্বর্জার কৃণ্ডদ্বয়॥

তথ্য অল্প্রলে, মান করি হর্ষচিতে।

শ্রীকৃণ্ডকে স্তুতি করিলেন নানা মতে॥"

এই ক্ষেত্ররপ কুওতীরে বাদ করিতে করিতে একদা দাদ গোপানীর মনে হইল যে, যদি এই কুওদ্ধ প্রকৃত কুওের ন্যায় নির্মাল সলিলে পূর্ণ হর, এবং যদি ইহাতে ফুল্ল ক্মলিনী-দল বিরাজিত হয়, তবে বড় ভাল। কিছু,—

> "অর্থের আকাজ্ঞা কিছু, ইহাতে বুঝায়। এত বিচালিতে, হইলেন স্তব্ধপ্রায়। আপনাকে ধিকার, করয়ে বার বার। কেনে এ বাসনা, মনে হইল আমার॥" (ঐ)

ভগবান ভক্ত-বাঞ্বিল্লতক, কোন কালে তিনি ভক্তের বাসনা অপুর্ব রাথেন নাই; আজ রাখিবেন কেন ? বদরিকালনে কোন এক ধনী শ্রীনারায়ণ বিগ্রহ দর্শনাস্তর অনেক টাকা সমর্পণ করিলে, • ৪২ এ এমৎ রঘুনাথদ!স গে'স্বামীর জীবন-চরিত।
আনিরায়ণ রাত্রে স্বপ্রাবস্থার তাঁহাকে আদেশ করিলেন— "ঐ মুজা
লইয়া অরিষ্ট ঝামে যাও, তথার দাস গোস্থামী আছেন, তাঁহাকে
দিলেই আমি পাইব। আর তাঁহাকে স্মরণ করাইবে যে, তিনি
কুওরয় সংস্কার করাইতে মনস্থ করিয়াছিলেন, এই মুজা ছারা
তাহা ককন।

এতৎ স্প্রদর্শনে সেই ধনী আনন্দিত হইয়া দাস গোষামীর সমীপে গেলেন, এবং সাষ্টাঙ্গ প্রণাম করতঃ স্থপ্ন বৃত্তান্ত নিবেদন প্র্কেক মূজা প্রদান করিলেন। স্থপ্ন ভাবিয়া গোষামী কতক্ষণ স্তব্ধ ইইয়া রহিলেন, পরে সেই ধনীকে প্রশংসা করিয়া কুও্ত্বের পঙ্কোদ্ধার করাইতে কহিলেন। ধনী শীঘ্রই পক্ষোদ্ধারের জন্য লোক নিযুক্ত করিয়া দিলেন; আর সেই ইইতেই রাধাকুও ও শাসকুও প্রকাশিত হইল। প্রীকৃত্তম্বকে জভীপিত রূপে সন্দর্শন প্রকৃক দাস গোষামীর আনন্দের আর পরিদীমা রহিল না। ইহাতেই ঠাকুর নরহরি বলিয়াছেন— "রাধাকুও বাস, রঘুনাথ কুপা হৈতে।"

সে যাহা হোক, বৃন্দাবন তথন বনই ছিল। দাস গোস্থামী
কোন ঘরে রহিতেন না, এক বৃক্ষতলে ধ্যানাবেশে বসিলা থাকিতেন। কত ঝড় বৃষ্টি তাঁহার উপর দিলা চলিলা ঘাইত, বৃষ্টির
সমল গোবর্জনের শিলা ও মালাকে বৃকের ভিতর ভরিলা রাখিতেন,
ও আপনি বৃষ্টিতে ভিজ্বিতেন। এক দিন সনাতন গোস্থামী স্নানে
আসিলা দেখেন যে, একটী বৃহৎ ব্যান্ত দাস গোস্থানীর পার্থ দিলা
চলিল্পা যাইতেছে। ব্যান্ত চলিল্পা গেল, কিন্তু তিনি ধ্যানাবেশে
কিছুই জানিলেন না। কতক্ষণ পরে বাহ্য জ্ঞান হইলে সনাতন
গোম্থানিক দেখিলা প্রণাম করিলেন। জনস্তর নানা কথাবার্ভার

পর গোসামী তাঁহাকে গৃহে থাকিবার জন্য অনুরোধ করিলেন, এবং তিনিও তাহা অগ্রাহ্য করিতে পারিলেন না।

আর এক দিন দাস গোস্বামীর অন্ত্রীর্থ ইবল শরীর ভার ভার হইল, ইহা শুনিয়া প্রসিদ্ধ বল্লবাচার্য্যের পুত্র বিট্ঠল নাথ ছই জন চিকিৎসক লইলা আসিলেন। নাড়ী দেখিয়া িকিৎসক কহিলেন মে, হুয়াল ভক্ষণেই এইলপ হইয়াছে। সকলেই আনেন—দাস গোস্বামী অন খান না, অতএব এই কথার বিট্ঠল নাথ বিমিত হইলা কহিলেন—"এ কথনই হইতে পারে না।" দাস গোস্বামী হাসিয়া বলিলেন, "এইই সত্য—আনি মানসে হুয়াল প্রসাদ খাইয়াছি।" এতৎ বিবরণ প্রবণ সকলেই আস্চর্যান্থিত হউলেন।

রাধাক্ও বাসে দাস গোস্বামীর এক জন অতি হৃদ্য সঙ্গী ও
শিত্য • ছিলেন—কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী। ঐ কৃষ্ণদাসই
প্রসিদ্ধ হৈতন্য-চরিতামূত রচিয়তা।

কিন্তু তথাপি কেহ কেহ বলেন বে, ইজিপ গোদামী তাঁহায় গুল ।
আবার কোন কোন সম্প্রদায়ের মত এই বে,—ইজিপের শিব্য রধ্নাথ ভট্ট গোসামী, ইহার শিব্য রুফ্রান কবিরাজ।

<sup>&</sup>quot;এরপ, সনাতন, ভট রব্নাথ। এছীব, গোপাল ভট, দাস রঘুনাথ। এই ছয় ওজ —শিক্ষা ওজ বে আমার। এই জ্বপ্রেব, আগে ক্রিনমস্তার॥

## ৪৪ শ্রীমং রঘুনাথদাদ গোস্বামীর জীবন-চরিত।

দাস গোন্ধামী মহাপ্রভুর অস্তানীবার সঙ্গী, কবিরাছ তাঁহার মুগে শুনিরা শুনিরা এবং স্বরূপ ও মুবারী গুপ্তের কড়চা দৃষ্টে

পক্ষান্তরে কবিরাজ করং চরিতামুতে) ব**লি:ভছে** ন—

"নিত্যান্দ রায়, প্রভুর স্বরূপ প্রকা।।

• তাঁর পাদপদ্ম বন্ধো, মুই যাঁর দাস 🗗

আবার বলিতে ছেন--

ষদাপি আমার প্রভূ, চৈতন্যের দাস। তথ পি জানিয়ে আমি, তাঁহার প্রকাশ।"

এ ছেনী প্রমাণে কি ৰোধ গল, পাটক মহাপাল আগা বিষেচনা করি বল। বিজ্ঞীয়ত: শুকু এবং কৃষ্ণ অভেদতত্ত্ব, ইহা দেখাইবার জনা নিজ্ঞানন প্রভূ এবং দা সংগ্ন তাঁহাকে নলা-নলান রূপেই দর্শন দেন। (চব্রিভাগ্নত ৫ম পরি-চেছ্যা জাইবা।)

আবার অনেকেই দৃশি গোস্বানীকেই কবিরাজের দীক্ষা-ভংগ নির্দেশ করেন।

দে যাহা ইউক, যদি নিতানক প্রভুই (করিবাকের নিজ বাকো) তাঁহার ডক নির্দেশিত ইইলেন, তবে প্রেমবিলাস প্রাছে রঘুনাথকে কেন ক'ব-রাজের ওক বলেন, এই কথার তাংশগ্য কি? তাংশগ্য প্রেমবিলাসেই আহে। বথা—

কুক্দাস কৰিব। জ, যতে গোড় দেশে।
কুক্ষের ভজন করে, আনন্দ আবেশে।
এক দিন ঝামাটপুর, নামে এক প্রাম।
কর্মন দিনেন, নিড্যা-ন্দ গুণবাম।
নিজ সহচর সঙ্গে, বেশ মনোহর।
রূপ দেখি কুক্দাস, আনন্দ অন্তর।
এপোম ক্রিয়া বহু, ক্রিল জ্বন।
আন্ত্রা হৈল, স্র্লা দিছি যাও ব্লাবন।

চরিতামৃত প্রস্তন করেন। যথা চৈতন্যচরিতামৃত্তে—

"রঘুনাথ দাদের সদা, প্রভু দঙ্গে স্থিতি। তাঁর মুখে শুনি লিখি, ক্রিয়া প্রতীতি॥"

"চৈতন্য লীলা রুজুসার.

স্বরূপের ভাণ্ডার,

তিহো থুইলা রঘুনাথের কঠে।.
তাহা কিছু যে গুনিল, তাহা এই বিবরিল,

ভক্তগণে দি**ল** এই ভেটে॥"

প্রভু কি ইছার রবুনাথকে এত হুঃথেও রাথিয়াছিলেন, জাঁহার একটা অর্থ বোধ হয় এই—প্রভুর চরিত্র লিখা তাঁহার অসাধ্য, মূথে কহিতেই, মনে ভাবিতেই অধৈর্থ ইইয়া পড়েন, লিখিবেন কিরুপে ? কবিরাজ তাঁহার মূথে ওনিয়াই অস্ত্য লীলাটা বিস্তার কবিয়া লিখিয়াছেন। দাস গোস্থামীর নিকট প্রভুর অস্তা লীলার প্রতিকাহিনী না ওনিলে চরিতামূত বর্ত্নানের ন্যার হইত কি না—ভা' প্রভুই জানেন।

দাস গোকামীর উপলক্ষে আমরা আরে একথানি অমূল্য রত্ন

নিজ একে লিখে, প্ৰভূৱ শিষা আপনাকে।
না ভানছে দীন হীন, কৃপা কৈল নোকে।
পুনৰ্কার কুলাবন, কগিল পনন।
আতার ক্রিল, বলুনাথের দ্রণ।
কেন হেন লিখে ? কেন করমে আতার ?
দেই বুকে,—বার মহা অফুভব হয়॥
দিক বাযগার এই, অন্ত নিম্ন।
ভাবাতার ক্রিলে, ক্রি হয়ে যে সকল।
\*

## <sup>8</sup>৬ **শ্রীমৎ রঘুনাথদাস গো**মামীর জীবন-চরিত।

পাইয়াছি — দে রত্ন "দান-কেলি-কৌনুদী।" উহা কি**র**পে স্বষ্ট হয়, তাহা বলিতেছি।

শীরপ গোসামী "ললিত মাধ্ব নাটক" প্রণয়ন করিয়। দাস গোসামীকে পড়িতে দিলেন। ঐ প্রস্থে বিপ্রলম্ভ ভাবের এক-শেষ করা হইয়াছে। দাস গোসামী ঐ প্রন্থ পাঠে অধৈষ্য হইয়া ফলে ফলে ক্রেন্ন করেন, কথন বা ভ্নে বিলুষ্ঠিত হন। কোন কোন সময় উন্মত্তের নায় প্রস্থান্ত নিক্ষেপ পূর্ক বিদয়া থাকেন। আবার পরফলেই প্রস্থান্ত নে শাসন করেন।

শীরপ গোস্বামী রবুনাথের স্কৃশ অবস্থা দৃষ্টে শীঘ্র শীঘ্র "দান-কেলি-কৌনুদী নাটিকা" রচনা করতঃ রঘুনাথকে তাহা দিয়া কহিলেন, "ভ্রাতঃ, সংশোধনের জন্য ললিজ-মাধ্য থানা দাঙ, আর সে কতক দিবদ এই নৃত্ন গুছুখানি আধাদন কর।"

রঘুনাথ কলিত-মাধৰ প্রীরপ গোধামীকে প্রদান করিয়া দান-কেলি কৌনুদী পাঠ কবিতে লাগিলেন, আরে আনন্দ-াগরে নিম্য হইলেন।

## গোস্বামীর গ্রন্থগণ—স্তব বলীর শ্লোক।

পূর্বে দাস গোসামীর এত্বের উল্লেখ মাত্র করিরাছি। বুনদাবন বাসকালে তিনি "ভবগালা" "দান চরিত" ও "নুক্তাচরিত" নামে তিনগানি অপুর্বে গ্রন্থর প্রথমন করেন। মধা—

"রঘুনাথাভিধেয়স্য তরোমি ত্রহমীযুধঃ।

' স্তৰনালালন্তুলি চিং কৃতি ধূদিতং ॥"

এই গ্রন্থর ভিন্ন তাঁহার রচিত করেকটী পদও আছে। তাঁহার প্রথম পদ শ্রীভয়দেবের বন্দনা সম্বন্ধে। দাস গোস্বামী শ্রীজয়-দেবের কাব্য শ্রীগীতগোবিন্দ বড় ভাল বাধিতেন, আর কথন কথন উল্পাঠ করিয়া আনন্দে বিভোর ইইয়া থাকিতেন। নীচের পদ্টীই তাহার পরিচায়ক। পদ যথা—

> "জ্য় জয় এজিয়— দেব দরাস**য়** পদাবতী রতিকাস্ত। রাধা মাধব, প্রেম ভরতি রস.

উজ্জল মূবতি নিতাস্ত॥

শ্রীগীত গোবিন্দ, গ্রন্থ সুধাময়, বিরচিত মনোহর ছক।

রাধা গোবিন্দ, নিগৃঢ় লীলা গুণ, পদাবলী পদ বন্দা।

(कमृतिव्यतः, श्राम माना इत.

ভানুক্ষণ করুরে বিলাস।

রুসিক ভকতগণ. যো সরবস ধন, অহনিশি রহু তছু পাশ।

যুগল বিলাস গুণ, করু আস্থাদন, অধিরত ভাবে বিভোর।

দাস রব্দাথ ইহ, তছু গুণ বর্ণন,

কিয়ে করব নব ওর।

(পদসমুদ্র ৪০১০। পদকরতের ২৪০৮।) দাদ গোস্বামী প্রীগোরাঙ্গাবতারের মে কয়েকটা অপূর্ব পদ প্রণয়ন করেন, তাহা এই-

### ৪৮ শ্রীমৎ রম্বনাথদাস গোস্বামীর জীবন-চরিত

"ব্ৰহ্ম আত্মা ভগবান, যারে সর্বং শাস্ত্রে গাণ,

দেবা দেবী চরণ বন্দন।

যোগী যতি সদাধ্যায়, তমু তারে নাহি পায়, বন্দো সেই শচীর নন্দন ॥

নিজ ভক্তি আসাদন, সর্বাধর্ম ছাপন, সাধু তাণ পাষ্ড দলন।

ইত্যাদি কার্যোর তরে, শতী জগন্নাথ ঘরে, নবধীপে লভিলা জন্ম॥

কনক পূৰ্ণ চাঁদে, কামিনী মোহন ফাঁদে.

মদনে কদন গৰ্ক চূৰ্।

মৃত্ মৃত্ আধ ভাষা, ঈষৎ উল্লভ নাসা, দাড়িম্ব কুমুম জিনি কর্ণ॥

ঝের নয়নারবিদে, বাস্পানামক রক্ষে,

তারক ভ্রমর হর্ষিত।

গভীর গর্জন কভু, কভু বলে হাহাপ্রভু,

স্বাপাদ মস্তক পুলকিত॥

প্রেমে না দেখিয়া বাট, ক্ষণে মারে মালসাঠ, ক্ষণে কুঞ্চ ক্ষণে বলে রাধা।

নাচয়ে গৌরাঙ্গ রায়, সবে দেখিবারে ধায়, কর্ম বন্ধে পড়ি গেল বাধা॥

পাইলেন প্রেমধন, নাচয়ে বৈফাবগণ, আনন্দ সায়ত্তে নাহি ওর।

্রান্দ্র নাম্বর নাম্বর

চাঁদ দেখি বৈছন চকোর॥

প্রেমে মাতোয়াল গোরা, জগত করিল ভোরা.

পাইল সকল জীব আশ।

জড় অন্ধ মৃক মাত্ৰ, সবে ভেল প্ৰেম পাত্ৰ, বঞ্চিত প্রীরঘনাথ দাস ॥"

(পদ-সমুদ্র—৬৪৮২ ।)

দান গোস্বামী জীরাধিকার রূপ বর্ণনা করিয়া বাঁসালা ভাষায় যে পদটী লিথিয়াছেন, নিমে তাহা দেওয়া গেল-

"ठक्क वक्ती धनी, मृश-नयनी।

রূপে গুণে অন্প্রমা, রমণী-মণি॥

মধুরিম-হাদিনী, কমল-বিকাদিনী,

মতিম-হারিণী, কম্ব-কণ্টিনী।

থীর সৌদামিনী, গলিত কাঞ্চন ছিনি,

তনুক্চি ধারিণী, পিক-বচনী।।

উজর লম্বি বেণী, মেরু পর যেন ফণী,

আভরণ বহুমণি, গজ-গামিনী।

বীণা-পরিবাদিনী, চরণে নুপুর-ধ্বনি,

রতি রসে পুলকিতা জগমোহিনী॥

সিংহ জিনি মাঝা ক্ষীণি, তাহে মণি-কিছিণী,

কাঁপি উছলি তমু, পদ অবনী।

त्रकाञ्च-निक्ती, जगजन-विक्ती.

দাস রখুনাথ পছঁ, মনোহারিণী॥" (পদ-সন্দ্র-৪০০২। পদক্রতক্র-২৬০০।)

দাস গোস্বামীর আর একটী অমুপম পদ আছে, তাহা প্রভিগ-

বানের সায়ংকালোচিত আর্ত্রিকোপধোগী। সে পদটী এই-

### ে এ শ্রীমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

"হরল সকল সন্তাপ, জনমকো মিটত, তলপ যম কাল কি। আরতি কিয়ে মদন গোপাল কি ॥ এ ॥ গোদ্বত রচিত, কর্সর কি বাতি, ঝলকত কাঞ্চন থাল কি। ঘটা তাল মুদজ. কাঁঝরী বাজত. বেণু বিশাল কি॥ চক্ৰ কোটী জ্যোতি, ভান্থ কোটী ছবি. মুখ শোভা নন্দলাল কি। পীতাম্বর শোহে. ন্যুর মুকুট, উবে বৈজয়ন্তি মান কি। চরণ কমল পর, নৃপুর বাজে, উকুপর বৈজয়ন্তি মাল কি।। সুন্দর লোল, কপোল ছবি মো, নির্থত মদন গোপাল কি। সুর নর মুনিগণ, করতহি আরতি, ভক্ত বংসল প্রতিপাল কি॥ খণ্টা তাল, মুদক্ষ ঝাঁঝরী. অঞ্জলি কুসুম গোপাল কি। হুবলি বলি রযু- নাথ দাস পহুঁ, মোহন গোকুল বাল কি ॥" (পদকল্পতক-২৮০২।)

গোস্বামীগণ যত কিছু গ্রন্থাদি করিরাছেন—সব সংস্কৃতে।
দার্স গোস্বামীরও পুর্বোক্ত গ্রন্থালি বিশুদ্ধ সংস্কৃতে বিরচিত।

#### গোস্বামীর গ্রন্থগণ-স্তবাবলীর শ্লোক। ৫১°

তথন বাঙ্গালা ভাষার অভিশন্ন শৈশবাবস্থা; বাঙ্গালার কিছু লিখিতে বা পড়িতে তথন অল্ল ব্যক্তিই যত্ন করিতেন। সেই সমন্ত্রে—সেই বঙ্গভাষার আদি সমন্ত্রে দাস গোলামী বাঙ্গালার পদ লিখিরা মাতৃ-ভাষার প্রতি যথেষ্ট সন্মান প্রদর্শন করিরাছেন।

দাস গোস্বামীর এক থানি গ্রন্থের নাম স্তর্মালা। কিছ শ্রীমজপ গোস্বামীরও স্তরমালা নামে একখানি গ্রন্থ আছে; এই জন্য
দাস গোস্বামীর গ্রন্থ "স্তবাবলী" নামে আখ্যাত হইল। এই তবাবলী কএকটী স্তবের সমষ্টি মাত্র,—২৯খানি ক্ষুদ্র গ্রন্থ উহার
অন্তর্নিবিষ্ট। ইহাতে গোস্বামীর মানসিক ভাবোচ্ছাদের আভাস
পাওয়া যার। এ স্থলে একটী শ্লোক উদ্ধৃত হইতেছে। তথাহি
স্তবাবল্যাং—

"নদা রাধাক্তফোচ্ছলদত্ল ধেলাস্থান যুজ্ব, ব্রজ্বং সংতাজ্যৈতদ্যুগ বিরহিতোপি ক্রটিমপি। পুন্ধর্মিবত্যাং বহুপতিমপি প্রৌচ্বিভবৈঃ, ক্ষুরস্তাং তহাচাপি হি নহি চলামীক্ষিতুমপি॥

অর্থ— যদি আমি সুদীর্থ কাল এছিক বিরহে দগ্ধীভূত হুইতে থাকি, এবং (তাহাতে) এছিক যদি অনুসতিও করেন, তথাপি এরাধা গোবিদ্দের অতুল্য লীলাস্থল সম্বলিত এই ত্রন্ধাম পরিত্যাগ পূর্ব্বক সেই প্রোচ্ বছপতিকে দর্শনের জন্য ক্রণমাত্রও আমি
দ্বারকাম ঘাইতে পারি না।

রাধা-প্রিয় রবুনাথের উপরোক্ত তাব সম্বন্ধে অন্য একটী আখ্যান এন্থলে প্রদত্ত হইল।

দাস গোস্বামীর নিকট দাস নামে এক জন ব্রজবাদী থাঁকি-তেন। উনি গোস্বামীর শিষ্য ও অতি দেহ-পাত্র ছিলেন, এবং '

## - '৫২ এমং রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

গোস্থামীর গুঠি তাঁহারও অচলা ভক্তি ছিল। গোস্থামী রুক-পত্রে ভক্ষণ ক্রিতেন, এবং দাস তাহা আনিয়া দিতেন। এক দিন দাস গোস্থামী একটা রুহৎ পত্র দর্শনে দাসকে জিজ্ঞাসা করিলেন, "এই রুহৎ পলাশ পত্র কোথায় পাইলে ?" দাস বলিলেন, "মধী-ফুলীতে।" সধীস্থলী প্রীরাধার প্রতিপক্ষ প্রীচক্রাবলীর বাসস্থান। রাধাহণত রব্নাথ (রতিমঙ্করী) সধীস্থলীর নাম শুনিয়া বিরহান্তিনানে ব্যথিত হইয়া পত্র সহিত ভক্ত ফেলিয়া দিলেন। দাস ইহার কিছুই ব্রিতে না পারিয়া বিমিত ও ভীত হইয়া রহিলে, গোস্থামী কহিলেন—"ওহো, সে চক্রাবলীর স্থান, সেখানে আর তুমি কধনত সাইত না।" ব্রহ্বাসী তথন সাধকের ভাব ব্রিয়া আর কিছুই ব্লিলেন না।

দাস গোস্বামী প্রত্যাহ ছই তিন পল (১৬ তোলার ১ পল) মাঠা একটা দোনাতে করিয়া পান করিতেন। বড় পলাশ পত্র হইলে অধিক ধরিবে, এই জ্ঞানেই দাস স্থীস্থলীতে বড় পত্র পাইয়া তাহা আনিমাছিলেন।

## বিরহ-যন্ত্রণা,—**গোস্বামীর নিয়ম,**— সমাপ্তি।

এইরপে দাস পোখামী বৃন্দাবনে আছেন। রাধাকৃঞ্জের এবং এপিরাজের দীলা স্মরণাবেশে বাহাস্প্ত হইয়াই অনেক সমন্ত্র থাকিতেন; কথন কথন বা রূপ স্নাতনের নিকট গ্র্মন ও 'ভাহাদিসকে দর্শন করতঃ হৃংথ জ্ঞালা নিবারণ করিতেন। কিছ

### বিরহ-যন্ত্রণা,—গোস্বামীর নিয়ম,—সমাপ্তি। ৫৩

তাহাও আর রহিল না; প্রভুর বিরহ-জনিত শোক সহু করিতে না পারিয়া, সনাতন গোস্বামী প্রবং তৎপরেই প্রীক্রপ গোস্বামী লীলা সম্বরণ করিলেন,—বুন্দাবন অন্ধলার হইল। রঘুনাথ দাস গোস্বামীর তাপিত অন্তর এই কঠোর আঘাতে কিরূপ হইল, তাহা আর কি বলিব ? আবার দিন দিন এক এক জন করে প্রভুর ভক্তগণ অন্তর্জান করিতেছেন,—গোড় হইতে এ সংবাদ পাইতে লাগিলেন। জ্বগতে হাহাকার শক্ষ উথিত হইল ত্রিভুবন শৃত্য—মক্ষ্রায় হইল। তথন চতুর্দ্ধিক হইতে হঠাৎ কোলাহল—ক্রন্দান শক্ষত হইতে লাগিল, এবং প্রতি স্থলেই অমঙ্গল দৃষ্ট হইল। আর দাস গোদামীর তথনকার দশা কহিবার কাহারও সাধ্য নাই। তবে ইহার অনেক দিন পরের কথা এই,—

"কোথা ঐ স্বরূপ, রূপ, সনাতন, বলি।
ভাসয়ে নেত্রের জ্বলে, বিলুগুরে বৃলি॥
অতি ক্ষীণ শরীর, তুর্ব্বল ক্ষণে ক্ষণে।
কররে ভক্ষণ কিছু, তুই চারি দিনে॥
(ভক্তি-রন্ত্রাকরে।)

পদে যথা,---

হা হা, কোথা প্রাণের গ্রীরূপ।

ভূমি বিনে এ সংসার, দেখিতেছি অন্ধকার,

হৃদয় হইল বহিং-কৃপ।

কেন আগে ভণ্ড-পাতে, না করিলু দেহ-পাতে,

এই কি হইল তার ফল ?

এ জুদুর বজ্রসার, এরপ নৈলে কি খীর.

রহিত রে না হ'য়ে বিকল।

## °৫৪ শ্রীমৎ রবুনাথদাস গোস্বামীর জীবন-চরিত !

হে হানর, কেটে বাও,

থবে আর রহিন্তা কি কাব ?
শৃত্ত ত্রিভুবন ভেল,

কি সুথে রহিব ভব-মাঝ ?
আর বেঁচে কাজ নাই,

থবান ছাড়িলে এবে বাঁচি।

গোলাঞীর বিলাপ-বাণী.

থ বৈহুব দাস শুনি

বলে জ্বালা সহিতেই আছি। জন্ম পদ—

কোথা রূপ মোর প্রাণ ধন।

তুমি বিনে, হাহা নাথ, কোথা বাব আমি হে,

তুমি বিনে না রহে জীবন ॥

ত্বরূপ, প্রীসনাতন, গেলেন ভ্রামে রে,

রৈলুঁ মাত্র তুয়া মূথ চাঞা।

তুমিও নিদর হ'য়ে, আমারে ছাড়িয়ে রে;

গেলে হার হঠাৎ চলিয়া॥

এখন শ্শান দেখি, এ তিন জগত রে,

তিল মাত্র সোয়াতি না পাই।

মনে হয়, মরি মরি, মরিতে না পারি রে,

হায়, হায়, উপায় যে নাই॥

এত দীর্ঘ আয়ু কেন, বিধাতা করিল রে,

কত জানা সহিব এ প্রাণে।

কিষা বুঝি আমি বড় অপরাধী হই লে,

তাই মোর না হয় মরণে॥

### वित्रह-श्रक्तना,- (नाश्वामीत नित्रम,-नमाखि। ८६

বৃন্দাবন চক্র স্থ্য, তুভাই বিহনে বে,
চারি দিক ভেল অন্ধকার।
দরি! মরি! মরি! আর, পর্যাণে না মানে বে,
থাকিতে এ জগত মাঝার॥
এত বলি কান্দে মোর শ্রীদাস গোসঞীরে,
আহা প্রাণে ধৈর্য নাহি ধরে।
অভাগা বৈষ্ণব দাস, আকুল হইল রে,
ভুগে ভার ভুদর বিদরে॥

জ্ঞীরপাদির অন্তর্কানে দান গোম্বামীর হৃদয় কিরপ ব্যথিত হইয়াছিল, তাহার কিছু আভান তিনি নিজ বাক্যেই দিয়াছেন।

ষথা প্রার্থনাশ্রম চতুর্দ্দশকে—

"শৃত্যামতে সহাগোঠং গিরীলোই জ্পরায়তে।
ব্যাদ্রভূপায়তে কুপুং জীবাতু রহিতস্য মে॥ >>॥"
"ন পততি যদি দেহ স্তেন কিং তস্য দোষঃ
স কিল কুলিশ সাবৈর্যদ্বিধাতা ব্যধারি।
জন্মপি প্রহেতু র্গাচ্তকেন দৃষ্টঃ,
প্রকট কদন ভারং কোবহ্দ্ত্রপা বা॥ >২॥"

ইহার অমুবাদ,— জীবন স্বরূপ রূপ, বিহনেতে হায়।

ত্রিভ্বন শৃভা ভেল, কিছুই না ভায়॥
কুও ব্যাঘ্র তুও ভায়, গোবদ্ধন অহিপ্রায়,•

মহা গোর্চ শূন্য বোধ হয়। প্রীরূপ বিহনে প্রাণ, স্থির কভু নয়॥ ১১॥

## ৫৬ **শ্রীমৎ রঘুনাথদাদ গো**ধামীর জীবন-চরিত।

ষদি ভৃগুপাতে দেহ পতিত না হয়।

• তথাপি দেহের তাতে, কোন দোষ নয়॥

যেহেতু কু'লশ সারে, বিধাতা যতন করে,

এই দেহ করেছে নিশাণ।

অথবা তর্কের দ্বারে, এ হেতু করেছি স্থিরে,

আমা ভিন্ন অন্য কোন জন। কথন নারিবে তঃথ করিতে বহন॥ ১২॥

এই প্রীক্রপ সনাতনাদির বিছেদ শেল অনেক দিন পরেও 
তাঁহার হৃদয়ে সম ভাবে বিরাজিত ছিল, ইহা আর হৃদয় হইতে 
বিদ্রিত হয় নাই। ইহার কিছু দিন পরে প্রীটেতন্য দাসাত্মজ্ব 
প্রেমাবতার প্রীপ্রীনিবাসাচার্য্য প্রভু বৃদ্দাবনে গমন করেন, ও তথায় 
রূপ-সনাতনের প্রাভুপুত্র প্রীজীব গোহামীর নিকট সমুদয় বৈষ্ণবগ্রন্থ অধ্যয়নান্তর সেই গোস্বামীগ্রন্থ প্রচারের জন্য গোড়ে 
আসিবার পুর্বের্যধন দাস গোস্থামীর নিকট বিদায় লইতে যান, 
(১৫০৫ শক), তথন তাঁহার অবস্থা বড় শোচনীয়। ভক্তি-রত্মাকর 
লিখিয়াছেন, তথন তাঁহার দেহ শুক্ত —অস্থিচর্ম্মদার, কিছু তিনি 
তথাপি নিয়মগুলি অতি কটে পালন করেন। তাঁহার একটী 
নিয়ম,— বৈষ্ণবিদ্যুকে প্রত্যহ প্রধাম করা; কিছু শরীর জ্বীর্ণ শীর্ণ—
"বাতাদে হালয়;" এ অবস্থার প্রধাম করিতে বড় কট হয়। এ কট 
দৃষ্টে যদি কেহ প্রণাম করিতে নিষেধ করেন, তবে তিনি কিছুই 
বলেন না, দীন হীনের স্থায় ("ভেকা" হইয়া) নিষেধ-কর্ত্রার মুথপানে 
হাহিয়া থাকেন। ইহা দেখিয়া কাহার না হদয় বিনীর্ণ হয় ?

"নিয়ম নির্বাহ বৈছে, যে চেটা অন্তরে। দে সব দেখিতে কার, হিয়া না বিদরে॥"

### বিরহ-হন্ত্রণা,—গোসামীর নিরম,—সমাপ্ত। ৫৭

নিয়ম কি ? কিছু ইতর বিশেষে তাহা পুর্কেই বলা গিয়াছে, এখানেও আবার বলিতেছি। এ বৃদ্ধ কালে অশক্তাবস্থায়, তাঁহার নিয়মের শৈথিল্য ঘটিয়াছিল না। "রবুনাথের নিয়ম যেন পাধরের রেখা।" তাহা এদিক ওদিক ইইবার নহে। শেষাবস্থায় দাস গোস্থামী কিরুপে কাল্যাপন করেন, এবং তাঁহার নিয়মের কোন ব্যতিক্রম ইইয়াছিল কি না, তাহা প্রীরাধাবল্প ঠাকুরের প্রাচীন পদে বিবর্ণিত আছে। যথা—

"ছেড়া কম্বল পরিধান, এজ ফল গব্য থান, অন্ন আদি না করে আহার।

তিন স্ক্রা সান করি, স্মরণ কীর্তন করি, রাধা-পদ ভজন যাঁহার ॥

ছাপ্লায় দও রাত্রি দিনে, রাধা কৃষ্ণ গুণ গানে, স্থাবণে সদাই গোয়ায়।

চারিদ্ও স্ততি থাকে, স্থপনে রাধারুঞ্চ দেখে, এক তিল বার্থ নাহি যায়॥"

"শ্রীচৈতন্য শচী-স্কুত, তাঁর গণ হয় যত, স্থাবতার শ্রীবিগ্রহ নাম।

গুপ্ত ব্যক্ত লীলাস্থল, দৃষ্ট শ্রুত বৈষ্ণব সব, স্বারে কর্মে প্রণাম ॥" (ইত্যাদি পদক্ষতক ।)

এই রূপে গ্রীগোম্বামী সদায় রাধাকুণ্ড-তীরে বনিয়া ক্রন্দন করিতেন। যথা—

> "হা হা রাধাকৃষ্ণ কোথা, কোথা বিশাপা লনিতা, কুপা করি দেহ দরশন।

### ৫৮ এমং রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

হা হৈততা মহাপ্রভু, হা স্বরূপ মোর প্রভু, হাহা প্রভু রূপ স্নাতন ॥ কান্দে গোসাই রাত্রিদিনে, ছাড়ি যায় তমু মনে, কেণে অস্ব ধ্লার ধ্সুর

চক্ষু অন্ধ, অনাহার, আপনাকে দেহ ভার,

বির**ং হইল জ**র জর।

রাধাকুও তটে পড়ি, সম্বনে নিশ্বাস ছাজি, মুখে বাক্য না হয় ক্ষু রণ।

মাল মাল জিহবা নড়ে, নেত্রে এেথম আঞা পড়ে, মনে কুঞা করয়ে ন্যরণ॥" (পদকরতকা।)

হার ! হার ! বলিতে হলর বিলীর্ণ হয়, যথন প্রীণোস্থামীর অবস্থা এইরূপ দীন হীন প্রায়,—এইরূপ শোকদীপক, তথন তিনি বিয়োগ-বস্ত্রণা সহিতে না পারিয়া ভাবিতেন যে, কিরূপে তাঁহার মৃত্যু হইবে। তথন তিলমাত্র স্বীবনধারণ তাঁহার পক্ষে অসহ্য হইর। দাঁডাইয়াছিল।

যথা কর্ণানন্দে-

"বড়ই বিয়োগে, গোসাঞির কাতর অন্তর। কিরূপে দেহত্যাগ, ইহা ভাবে নিরস্তর॥"

ইহার পরেও প্রিগোম্বামী এই ধরাধামে আরও কিছু কাল ছিলেন। প্রীমন্নিত্যানন্দ-গৃহিণী প্রীপ্রীজাহনা ঠাকুরাণী ( তাঁহার দ্বিহীয় যাতায়ও) বৃন্দাবনে আদিয়া তাঁহার দহিত দাক্ষাৎ করিয়া ছিলেন;—সে কিছু পরের কথা। তথন দাস গোম্বামীর অতি শোচনীয় অবস্থা। তথন তিনি চলৎশক্তি-রহিত, দৃষ্টি-শক্তি-বিহীন বিনিলেও হয়; কাহারও সহিত আলাপ মাত্র করেন না,—এক স্থানে

### বিরহ যন্ত্রণা,—গোস্বামীর নিয়ম,—সমাপ্তি। ৫৯

সদা পড়িয়া থাকেন। তথন গৌরগণ এক প্রকার লুকায়িত ইইয়াছেন; তাহাতে অবশিষ্ট সকলেরই মন ভঙ্গ,—প্রাণে কাহারও
শূহা মাত্র নাই; তবে মে কি জন্য আছেন,—সে এক রহস্যবিশেষ। এই অবস্থার শ্রীগোস্বামী নির্জন রাধাকুও তীরে একটী
সামান্য গোফায় পড়িয়া রহিতেন। শ্রীরাজ নিকটেই থাকিতেন,
গোস্বামী কৃতিৎ কবিরাজ্বের সহিত ছুই একটী মাত্র ক্থা কহিতেন।
দাস নামক সেই সোভাগ্যবান ব্রহ্বাসী তথনও ছিলেন, তিনি
প্রাণপণে তাঁহাদের সেবা করিতেন। এ সময় ঈশ্বীর সহিত
ভাহার মিলন হয়। সে সন্মিলনাখ্যান ভক্তি-রত্নাকর হইতে উদ্ধৃত
করিতেতি

"দাস গোস্বামী, দে নির্জ্জন কুণ্ড-তীরে।
করেন শ্রীনাম, গ্রহণাদি ধীরে ধীরে॥
কুণ্ণদাস কবিরাজ, অপ্রেতে আসিয়া।
দাস গোস্বামীর আগে, ছিলা দাঁড়াইয়া॥
অবসর পাইয়া, করয়ে নিবেদন।
শ্রীক্ষরীর দেখে, দাস গোস্বামীর গমন।
অতিশব ক্ষীণতয়, তেজ হর্য্য সম॥
শ্রীক্ষরী অন্তর, বৃঝিতে কেবা পারে।
ঝরে ছই নেত্রে বারি, নিবারিতে নারে॥
শ্রীদাস গোস্বামী, প্রণমিতে বৈর্ঘ্য ধরি।
কৈলা যে উচিত, প্রেমমন্ত্রী শ্রীক্ষরী॥
শ্রীক্ষরী আগে, দাস গোস্বামী যে কয়।
তাহা শুনি কার বা, না বিদরে ছদয়॥
ইত্যাদি।

### ৩০ জীমং রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

এইরপে প্রীক্রীর আছকা দেবী দাস গোস্বামীর সহিত সাক্ষাৎ করেন। তিনি রুপা-পরবশা হইষা রাধাকুণ্ডে তিন দিন অবস্থিতি করিয়া দাস গোস্বামী এবং অন্যান্য সাধু ভক্ত ও ব্রন্ধ-বাদীদিগকে প্রসাদ থাওয়াইয়া ছিলেন।

সে যাহা ইউক, বৃন্দাৰেন গৌরাঙ্গ-পার্ষদ তথন অতি অন্নই ছিলেন। তথন ঐলোকনাথ (ইনিই সর্ব্ধ প্রথম প্রাবৃন্দাবন আই-সেন) আছেন; তিনিও অতি বৃদ্ধ, কথন কি হয় বলা যায় না।

দাস গোস্বামী মনে ভাবেন, "আমার প্রাণ অতি কঠিন, নতুবা এত গুলি নিদারুণ বিরোগ যাতনা সহিবে কেন ? তবে এই মাত্র অভিনাষ,—বেন প্রীলোকনাথ গোস্বামী, প্রীন্ধীব (প্রীরূপের ভ্রাতু-ম্পুত্র ও শিষ্য), ও কৃষ্ণ দাসের অঞ্জে দেহত্যাগ করিতে পারি। মধা কর্ণানন্দে—

"এই বৃদ্ধাবন মোর, সাধন ভজন।
এই স্থানে দেইত্যাগ, আমার নিয়ম॥
ব্রজ্ঞান্তব ক্ষার যেবা, আমার ভক্ষণ।
ব্রজ্ঞান্তব ক্ষার যেবা, আমার বসন॥
ইহাতেই নির্বাহ, মোর দন্ত দূর করি।
প্রীকুণ্ডে বহিয়ে কিবা, গোবর্জন গিরি॥
রাধা প্রেম সরোবরের, নিকটে নিশ্চয়।
এই স্থানে মরি যেন, হেন বাঞ্ছা হয়॥
প্রীজ্ঞান বহেন যেন, আমার অপ্রেতে।
প্রীকৃষ্ণ দাস আর, গোসাঞি লোকনাথে॥ শিহ্তাগ করিব আমি, ইহা সবার আগে।
এই দশা কৰে হবে, মোর মহাভাগে॥",

### বিরহ-যন্ত্রণা,—গোস্বামীর নিয়ম,—সমাপ্তি। ৬>

এই সম্বন্ধে এগোলামী নিজে বাহা বলিয়াছেন, তাহা উত্তন। যথা স্বনিয়ম দশকে.—

> "ব্রজোৎপদ ক্ষীরাশন বদন প্রাদিভিরহং, পদার্থৈ নির্বাহ্য ব্যবস্থৃতিমদন্তংগ নিম্নঃ। বদামীশাকুণ্ডে গিনিকুলবরে চৈব সময়ে, মরিবেয়ত প্রেষ্ঠে সরসি খলু জীবাদি পুরতং॥

বলা বাহল্য যে, দাস গোস্বামীর এই অভিলাষটী অচিরেই পূর্ব ইইয়াছিল; \* কিন্তু তাহার বিস্তার বর্ণনা নিশ্রয়োজন। অত-এব এই খানেই তাঁহার ঘটনা-পূর্ণ পবিত্র চরিত্র পরিসমাপ্ত করিলাম।

দাস গোস্থামী চতুর্বতি বর্ধ কাল এই ধরাধামে ছিলেন; তিনি ১৫১৪ শকে আস্থিনের শুক্লা মাদশী তিথিতে দেহ ত্যাগ করেন। ঐ তিনি বৈষ্ণবগণের পালণীয়।

দাস গোস্থামীর অপ্রকটের পর তদীয় শিলা মালা শ্রীশ্রীলোক-নাধ গোস্থামী আপনার স্থানে লইয়া যান। সেধানে শ্রীশিলা "গোকুলানন্দ" নামে পরিপুঞ্জিত হন।

উত্তরার্দ্ধ

### সমাপ্ত মিতি।

\* প্রেম্বিলাল কুনারে বাস গোলামীর অপ্রে কবিরাজের অগ্রহান হয়। কিছ ব্যাপ্ত: প্রেম্বিলাসের আর্থ ভিন্নর । প্রেম্বিলাসোক্ত বাক্রের অগ্রহান কর্মান্ত আহ্বান কর্মান্ত আহ্বান ক্ষিত্র আ্রহান ক্ষিত্র ক্ষিত্র ক্ষিত্র আহ্বান ক্ষিত্র আহ্বান প্রে ক্ষিত্র আহ্বান ক্ষিত্র আহ্বান প্রাম্বিলার ক্ষিত্র আহ্বান আহ্বান ক্ষিত্র আহ্বান ক্যান ক্ষিত্র আহ্বান ক্ষিত্র আহান ক্ষিত্র আহিল ক্ষিত্র আহান ক্ষিত্র আহান ক্ষিত্র আহান ক্ষিত্র আহান

# শ্রীমৎ রঘুনাথদাস গোস্বামীর জীবন-চরিত।

## অথ চরিত্রানুবাদ।

জন্বধ্বনি কর সবে। শ্ৰীবতি মঞ্জী, রঘুনাথ রূপে, জনম লভিলা ভবে ॥ বাল্য কাল হৈতে, উদাস অন্তর. উন্মার প্রায় রয়। শ্রীগোরাঙ্গ দনে, মিলিবার তরে, भनांत्र वाकिन इस्। গৌরাঙ্গ গৌরাঙ্গ, বলিয়া একদা, ঘরের বাহির হৈল। বার দিনে দেই. দীর্ঘ পথ চলি. প্ৰভুৱ নিকটে আইল ॥ ছাদশ দিবসে. তিন বার হয়, আহার সে নাম মাত্র। নৌড়িয়া গমনে, আপথে কুপথে, বিদীৰ্গ হইল গাতা॥ পৌছিয়া তথায়, কিবা সে নিয়ম, ভানতে বিদরে জদি।

### চরিতাসুবাদ।

কদৰ্যা আইবি. শড়ি অর আদি. ছিল বন্ধ নিরবধি॥ স্বন্ধের সাথে, অতি সাবহিতে. প্রভুর গুপত সেবা। প্রভূ অন্তর্কানে, অস্থির হইলা, স্থির বা থাকিবে কেবা। তবে প্রভু মোর, পরাণ ত্যজিতে. প্রীবৃন্ধাবনেতে আইলা। রূপ স্নাত্ন, যতন করিয়া, নিজ ভাই করি নিলা॥ পরে ছুই ভাই, বিহনেতে তাঁর, বড়ই ছদিশা হৈল। সেই সুব কথা. ভাবিতে আমার. এ প্রাণ ফাটিয়া গেল ॥ তার পরে হায়, কি বলিব কথা. অন্তর্জান কৈল প্রভু। সে হঃখ কাহিনী. আমার অন্তরে নাহি পার যেন কভু॥ তাঁর জীবিবাং, প্রভু দত্ত শিলা, व्यात विश्वकात माना। লোকনাথ কাছে, গোকুল আনন্দ. **ৰূপেতে** প্ৰকাশ হৈলা। এই সমুনাথ, পদে মন প্রাণ. করিয়াছি সমর্পণ।

## 🖦 শ্রীমৎ রঘুনাথদাদ গোমামীর জীবন-চরিত

হবে কি করুণা, এই হীন প্রতি,
মুই ছার অকিঞ্চন ॥

অভাগা পামর, শ্রীবৈঞ্চন দাসে,
দয়া কর ছে গোসাঞি ।
ভূমি বিনে আর, এ তিন ভূবনে,
আমার আশ্রয় নাই ॥

গ্রন্থ ।

## শ্রীমৎ রঘুনাথদাস গোস্বামীর চরিত্র গ্রন্থ সম্বন্ধে

## মতামত।

"এক্ষণে অনেক সদাশর সাধু-ভক্তের ইচ্ছা বে, দেশে ভক্তিযোগ বিশেষ রূপে প্রচারিত হয় এবং স্থানেশীর ব্যক্তিগণ ভক্তি-পথ
আশ্রম করিরা পরমানন্দে জীবন যাপন করেন। তজ্জন্য অনেক
মহাত্মা অনেক প্রকার চেষ্টাও করিতেছেন। কেহ বা ভক্তিগ্রম
প্রচার, কেহবা ভক্তি-বিষমিণী বক্তৃতা দান, কেহবা নাম হয়
প্রতিষ্ঠা, কেহ বা নিয়মিতরূপে ভক্তি প্রবন্ধ প্রকাশ, নগর সংকীর্ত্তন,
ইত্যাদি বহুবিধ কার্য্য করিতেছেন। তাহার কিছু কিছু ফলও
হইতেছে। কিন্তু ঐ সকল মহাত্মাগণের মধ্যে যাহারা কৃপা করিরা
জীবগণকে ভক্তিপথে লইয়া যাইবার জন্য বৈক্তব-চরিত প্রকাশ
করিতেছেন, তাহারা আমাদিগের অগণ্য ধন্যবাদের পাত্র।
শীবিজারান্দের কৃপা-ভাজন (অমূত্রাজার পত্রিকা সম্পাদক)
শীব্রুক্ত বাবু শিশিরকুমার স্বোষ, শীপ্রবোধানন্দ সরস্বতী, শীনরোভ্রম ঠাকুর, প্রভৃতির মধুর চরিত প্রকাশ করিয়া জনেককে কৃতার্ধ
করিয়াছেন।

সহত্র গ্রন্থ প্রকাশ সহত্র বক্তৃতা ধারা যে কার্যা না হয়, শুদ্ধ ভিত্তের ক্ষণিক বৈষ্ণবতা ধারা সহজে সে কার্যা হইয়া থাকে।
সম্প্রতি মনা নিবাসী পরম ভক্ত শ্রীযুক্ত বাব্ অচ্যুত্তরণ চৌধুরী
মহাশর শ্রীরবুনাথ দাসের অপূর্বাও অনোকিক চরিত প্রণয়ন
করিয়াছেন : রধুনাথের চরিত যেনন মধুর, অচ্যুত বাব্র ভাষাপ্র
তেমনি সরল ও ভ্রন্ধ-বাহী। ঐ চরিতের কিয়ানংশ "বৈষ্ণবের"

#### যতা্যত।

স্থানাত্রে প্রকাশিত হইল, বৈঞ্চেরের পাঠকগণ অবশ্যই তৎপাঠে স্থা পাইবেন। আমরা প্রার্থনা করি, অচ্যত বাবু রগু-জীবনীর অবশিষ্টাংশ এবং তদ্ধপ অন্যান্য গৌরগণের জীবনী প্রকাশে বৈঞ্চ-বিকে প্রকৃত রূপেই অলক্ষ্ত করিবেন।"

বৈষ্ণব পত্রিকা, ৪৪।৪৫ সংখ্যা।

ভূতীয় বর্ধের প্রীবিষ্ণুপ্রিয়ার "তহু কথা" বিষয়ের এক স্থানে যাহা প্রকাশিত হুইয়াছিল, তাহার কিয়দংশ এই—"অচ্যুত বাবু পরিশুদ্ধ বঙ্গুভাষার গদ্য পদ্য ছলে প্রভুর লীলা বেশ লিখিতে ও রচনা করিতে পারেন। বৈশ্বব পত্রিকার দেখিয়াছি, তিনি প্রীরবুনাথ দাস গোম্বামীর বে কিঞ্চিৎ জীবনী লিখিয়াছেন, তাহা অতি চমৎকার হুইয়াছে।"

ভক্তথবর প্রীযুক্ত হারাধন দন্ত ভক্তিনিধি মহাশ্য এক থানি পত্রেও লিখিরাছেন,—"তোমার রচনা সম্পূর্ণ গবেষণা পূর্ব ও অতি মধুর। আমি বধন বৈঞ্চবে পাঠ করি, তথনই মুগ্ধ হইরাছিলাম। এক্ষণেও জানিলাম, প্রথমাবধি শেষ লীলা পর্যন্ত যাহা যোজনা করিয়াছ, তাহার ভিতর কিছু লিখিতে বাকি নাই। জন্ম ও অন্তর্ধানের শক যাহা উল্লেখ করিয়াছ, তাহাই ষ্থার্থ।"

এ গ্রন্থ সথদ্ধে আর মতামত উদ্ধৃত না করিয়া "ভক্তিনির্যাণ" সম্বন্ধে বাগ্মীপ্রবর ভক্ত-চূড়ামনি পরিব্রাজকাচার্য্য শ্রীঙ্গ শ্রীক্ষপ্রসন্ন সেন মহাশয়ের পত্র খানি প্রকাশ করা গেল।

"সচিত্তানন্দ নিকেতনেষ্—

আপনি রূপা করিয়া যে "ভক্তনির্ঘাণ" পাঠাইয়াছেন, তাহা পাইয়াছি ও এই মাত্র পাঠ করিলাম। বৈকুঠবাসী ভক্তপ্রবের

#### মতামত।

শেষ দিনের বিচিত্র চরিত পাঠ করিতে করিতে অনবরত আমার অঞ্পাত হইল। ভাবিলাম—ভক্তকে ভগবান অশেষ যাঁতনার দিনে যদি এত অমৃত ভরা ভাব না দিবেন, তবে তাঁহাকে লাকে "ভক্তবংসল" বলিবে কেন ? হবি ভক্ত নাম করিতে করিতে প্রয়ং পবিত্র হন ও অন্যান্যকেও পবিত্র করেন। ধন্য সেই-কুল, যে কুলে ঐ মহাত্রা ছিন্মিয়াছিলেন, এবং আপনিও ধন্য যে, এই সাধ্চরিত লিখিয়া ভক্তগণের চিত্বিশেদ করিয়াছেন। ইতি।"

সজনতোষিণী পজের ৪র্থ বর্ষ ৬ঠ সংখ্যার ইহার অন্য সমা-লোচনা জটবা। ইতি।

প্রকাশক।



